



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট
পাওয়ার প্লান্ট (এমপিপি) হতে উৎপাদিত বিদ্যুৎ পাবলিক
সেক্টর ইউটিলিটি (পিএসইউ) এর নিকট বিক্রয়ের জন্য প্রযোজ্য
টারিফ, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা ব্যবহারের ওপেন অ্যাক্সেস
টারিফ (ওএটি), এবং প্রযোজ্য অপারেশনাল প্রসিডিউর, বিলিং
কাঠামো, এনার্জি একাউন্টিং ও সেটেলমেন্ট পদ্ধতিসহ
প্রয়োজনীয় শর্তাবলী নির্ধারণ সংক্রান্ত আদেশ, ২০২৬।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৪

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা)

রমনা, ঢাকা-১০০০।

www.berc.org.bd

সূচীপত্র

<u>অনুচ্ছেদ</u>	<u>বিষয়বস্তু</u>	<u>পৃষ্ঠা</u>
১	পটভূমি	১
২	প্রস্তাবসমূহের সার সংক্ষেপ	২
৩	বাবিউবো, পাওয়ার গ্রিড, বাপবিবো, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো এবং নেসকো এর প্রস্তাবসমূহ কমিশন কর্তৃক আনুষ্ঠানিকভাবে গ্রহণ	৬
৪	বিদ্যুৎ বিতরণ সংস্থা ও কোম্পানিসমূহের এবং পাওয়ার গ্রিড এর প্রস্তাব কারিগরি মূল্যায়ন কমিটি (TEC) কর্তৃক মূল্যায়ন	৭
৫	কমিশন কর্তৃক আয়োজিত গণশুনানি	৯
৬	স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণের মতামত	১৩
৭	কমিশনের পর্যালোচনা ও বিশ্লেষণ	২৩
৮	রাজস্ব চাহিদা	২৬
৯	মূল্যহার আদেশ	৩০
১০	নির্দেশনাসমূহ	৩১
পরিশিষ্ট-‘ক’	নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট পাওয়ার প্লান্ট (এমপিপি) কর্তৃক সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা ব্যবহারের ওপেন অ্যাক্সেস ট্যারিফ (ওএটি) এবং প্রযোজ্য সঞ্চালন ও বিতরণ লস, ২০২৬	৩৩
পরিশিষ্ট-‘খ’	নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট পাওয়ার প্লান্ট (এমপিপি) হতে উৎপাদিত/সরবরাহকৃত বিদ্যুতের ওপেন অ্যাক্সেস অপারেশনাল প্রসিডিউর, বিলিং এবং এনার্জি সেটেলমেন্ট পদ্ধতি ও শর্তাবলি, ২০২৬	৩৬



নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট পাওয়ার প্লান্ট (এমপিপি) হতে উৎপাদিত বিদ্যুৎ পাবলিক সেক্টর ইউটিলিটি (পিএসইউ) এর নিকট বিক্রয়ের জন্য প্রযোজ্য ট্যারিফ, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা ব্যবহারের ওপেন অ্যাক্সেস ট্যারিফ (ওএটি), এবং প্রযোজ্য অপারেশনাল প্রসিডিউর, বিলিং কাঠামো, এনার্জি একাউন্টিং ও সেটেলমেন্ট পদ্ধতিসহ প্রয়োজনীয় শর্তাবলী নির্ধারণ সংক্রান্ত আদেশ, ২০২৬।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৪

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) এবং ৩৪ অনুসারে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো), পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি (পাওয়ার গ্রিড), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি), ঢাকা ইলেক্ট্রিসিটি সাপ্লাই পিএলসি (ডেসকো), ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এবং নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো) কর্তৃক নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট পাওয়ার প্লান্ট (এমপিপি) হতে উৎপাদিত বিদ্যুতের প্রযোজ্য ট্যারিফ নির্ধারণের প্রস্তাবসমূহের বিষয়ে আগ্রহী পক্ষগণকে গণশুনানি প্রদানপূর্বক বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখে এ আদেশ প্রদান করা হলো।

১.০ পটভূমি:

১.১ নবায়নযোগ্য জ্বালানি খাতে বেসরকারি অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে সরকার কর্তৃক "বেসরকারি অংশগ্রহণে নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ উৎপাদন/বিদ্যুৎ কেন্দ্র স্থাপন নীতিমালা, ২০২৫" (মার্চেন্ট পাওয়ার পলিসি) প্রণয়ন করা হয়, যা ০৬ অক্টোবর ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। উক্ত নীতিমালার আওতায় নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট পাওয়ার প্লান্ট (এমপিপি) হতে উৎপাদিত বিদ্যুতের অনধিক ২০% কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যহার অনুযায়ী পাবলিক সেক্টর ইউটিলিটি (পিএসইউ) কর্তৃক বিদ্যুৎ ক্রয় চুক্তি (পিপিএ) সম্পাদনের মাধ্যমে ক্রয় করতে পারবে। এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ পিএসইউ এর সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা ব্যবহারের জন্য এমপিপি কর্তৃক সংশ্লিষ্ট পিএসইউ-কে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক নির্ধারিত ওপেন অ্যাক্সেস সঞ্চালন/বিতরণ ট্যারিফ প্রদান করতে হবে, যা নীতিমালায় ওপেন অ্যাক্সেস ট্যারিফ (ওএটি) হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে।

১.২ উক্ত নীতিমালার বিধানসমূহ কার্যকর করার লক্ষ্যে অর্থাৎ, নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট পাওয়ার প্লান্ট (এমপিপি) হতে উৎপাদিত বিদ্যুৎ পাবলিক সেক্টর ইউটিলিটি (পিএসইউ) এর নিকট বিক্রয়ের জন্য প্রযোজ্য ট্যারিফ, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা ব্যবহারের ওপেন অ্যাক্সেস ট্যারিফ (ওএটি), এবং প্রযোজ্য অপারেশনাল প্রসিডিউর, বিলিং কাঠামো, এনার্জি একাউন্টিং ও সেটেলমেন্ট পদ্ধতিসহ প্রয়োজনীয় শর্তাবলী নির্ধারণের নিমিত্ত ০১ এপ্রিল ২০২৬ তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) সমন্বিত প্রস্তাব এবং ০৭-৩০ জুলাই ২০২৬ তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো),



বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৪

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি (পাওয়ার গ্রিড), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি), ঢাকা ইলেক্ট্রিসিটি সাপ্লাই পিএলসি (ডেসকো), ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এবং নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো) কমিশনে পৃথক পৃথক প্রস্তাব দাখিল করে। কমিশন উক্ত প্রস্তাবসমূহের ভিত্তিতে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ) প্রবিধানমালা, ২০০৮; বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিদ্যুৎ সঞ্চালন ট্যারিফ প্রবিধানমালা, ২০১৬ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিদ্যুৎ বিতরণ (খুচরা) ট্যারিফ প্রবিধানমালা, ২০১৬ অনুসারে প্রযোজ্য ট্যারিফ নির্ধারণের লক্ষ্যে আগ্রহী পক্ষগণের গণশুনানি গ্রহণের উদ্যোগ গ্রহণ করে।

২.০ প্রস্তাবসমূহের সার সংক্ষেপ:

২.১ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর সমন্বিত প্রস্তাবের সার-সংক্ষেপ:

২.১.১ নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট পাওয়ার প্লান্ট (এমপিপি) হতে উৎপাদিত বিদ্যুৎ গ্রাহকপর্যায়ে সঞ্চালন ও বিতরণের জন্য ওপেন অ্যাক্সেস ট্যারিফ (ওএটি) নির্ধারণ সংক্রান্ত প্রস্তাবসমূহ দু'টি পর্যায়ে কমিশনে দাখিল করা হয়। প্রথমত, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কর্তৃক গঠিত একটি কমিটির প্রতিবেদনের ভিত্তিতে বাবিউবো কর্তৃক ০১ এপ্রিল ২০২৬ তারিখে কমিশনে একটি সমন্বিত প্রস্তাব দাখিল করা হয়। উক্ত সমন্বিত প্রস্তাবে ওএটি হিসেবে Injection Charge (IC) বা বিতরণ ব্যয়, Transmission Wheeling Charge (TWC), Receiving Charge (RC) ও Energy Accounting and Management Charge (EAMC) প্রস্তাব করা হয়। উক্ত প্রস্তাবে সংশ্লিষ্ট প্রতিটি সংস্থার Receiving Charge (RC) হিসেবে Injection Charge বা বিতরণ ব্যয় এবং গ্রাহক বা বিদ্যুৎ ব্যবহার হ্রাসজনিত সম্ভাব্য কারণে Cross-Subsidy Surcharge (CSS) অন্তর্ভুক্ত করা হয়।

২.১.২ বাবিউবো এর সমন্বিত প্রস্তাবে বিভিন্ন বিতরণ সংস্থা/কোম্পানি তাদের স্ব-স্ব বিতরণ ব্যয়কে Injection Charge (IC) হিসেবে প্রস্তাব করেছে। এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা ব্যবহার করে উহার গ্রাহককে সরবরাহের ক্ষেত্রে বিদ্যুৎ বিতরণ পিএসএইউ কর্তৃক প্রস্তাবিত Injection Charge (IC) নিম্নরূপ:

(ক) বাবিউবো ১৩২ কেভি লেভেলে ১.১৪ টাকা/কি.ও.ঘ., ৩৩ কেভি লেভেলে ১.২৩ টাকা/কি.ও.ঘ., ১১ কেভি লেভেলে ১.২৯ টাকা/কি.ও.ঘ. এবং ০.৪ কেভি লেভেলে ১.৩৩ টাকা/কি.ও.ঘ.;

(খ) বাপবিবো ৩৩ কেভি লেভেলে ১.৯৭ টাকা/কি.ও.ঘ. এবং ১১ কেভি লেভেলে ২.১১ টাকা/কি.ও.ঘ.;

(গ) ডিপিডিসি ১৩২ কেভি লেভেলে ০.৯৭ টাকা/কি.ও.ঘ., ৩৩ কেভি লেভেলে ১.০৭ টাকা/কি.ও.ঘ., ১১ কেভি লেভেলে ১.৩০ টাকা/কি.ও.ঘ. এবং ০.৪ কেভি লেভেলে ১.৫৮ টাকা/কি.ও.ঘ.;



- (ঘ) ডেসকো ১৩২ কেভি লেভেলে ০.৭৮ টাকা/কি.ও.ঘ., ৩৩ কেভি লেভেলে ১.০৪ টাকা/কি.ও.ঘ., ১১ কেভি লেভেলে ১.২৮ টাকা/কি.ও.ঘ. এবং ০.৪ কেভি লেভেলে ১.৪৫ টাকা/কি.ও.ঘ.;
- (ঙ) ওজোপাড়িকো ১৩২ কেভি লেভেলে ১.১১ টাকা/কি.ও.ঘ., ৩৩ কেভি লেভেলে ১.১৯ টাকা/কি.ও.ঘ., ১১ কেভি লেভেলে ১.৪০ টাকা/কি.ও.ঘ. এবং ০.৪ কেভি লেভেলে ১.৬৫ টাকা/কি.ও.ঘ.; এবং
- (চ) নেসকো ১৩২ কেভি লেভেলে ০.৬৯ টাকা/কি.ও.ঘ., ৩৩ কেভি লেভেলে ০.৮৬ টাকা/কি.ও.ঘ., ১১ কেভি লেভেলে ১.২৭ টাকা/কি.ও.ঘ. এবং ০.৪ কেভি লেভেলে ১.৭৬ টাকা/কি.ও.ঘ.।
- ২.১.৩ বাবিউবো এর সমন্বিত প্রস্তাব অনুযায়ী এমপিপি কর্তৃক পাওয়ার গ্রিড এর সঞ্চালন ব্যবস্থা ব্যবহারের ক্ষেত্রে ২৩০ কেভি লেভেলে ০.৪৬৫৭ টাকা/কি.ও.ঘ., ১৩২ কেভি লেভেলে ০.৪৯০১ টাকা/কি.ও.ঘ. এবং ৩৩ কেভি লেভেলে ০.৭৮৯১ টাকা/কি.ও.ঘ. Transmission Wheeling Charge (TWC) প্রস্তাব করা হয়েছে।
- ২.১.৪ বাবিউবো এর সমন্বিত প্রস্তাবে এমপিপি এর গ্রাহকের রিসিভিং প্রান্তের বিতরণ পিএসইউ এর বিতরণ ব্যবস্থা ব্যবহারের জন্য রিসিভিং চার্জ হিসেবে স্ব-স্ব বিতরণ ব্যয় এবং ক্রস-সাবসিডি সারচার্জ এর সমষ্টিকে নিম্নরূপভাবে প্রস্তাব করেছে:
- (ক) বাবিউবো ১৩২ কেভি লেভেলে ১.৮৮ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.১৪ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ০.৭৪ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি), ৩৩ কেভি লেভেলে ২.১৩ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.২৩ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ০.৯০ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি), ১১ কেভি লেভেলে ২.৪০ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.২৯ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ১.১১ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি) এবং ০.৪ কেভি লেভেলে ২.৪৮ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.৩৩ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ১.১৫ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি);
- (খ) বাপবিবো ১৩২ কেভি লেভেলে ১.৯০ টাকা/কি.ও.ঘ. (শুধুমাত্র ক্রস সাবসিডি সারচার্জ), ৩৩ কেভি লেভেলে ২.০২ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.৯৭ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ০.০৫ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি) এবং ১১ কেভি লেভেলে ২.৫০ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ২.১১ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ০.৩৯ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি);
- (গ) ডিপিডিসি ১৩২ কেভি লেভেলে ১.১৫ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ০.৯৭ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ০.১৮ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি), ৩৩ কেভি লেভেলে ১.৫১ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.০৭ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ০.৪৪ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি), ১১ কেভি লেভেলে ২.০৯ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.৩০ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ০.৭৯ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি) এবং ০.৪ কেভি লেভেলে ২.২৩ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.৫৮ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ০.৬৫ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি);



- (ঘ) ডেসকো ১৩২ কেভি লেভেলে ১.১৪ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ০.৭৮ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ০.১৯ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি), ৩৩ কেভি লেভেলে ১.৪৯ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.০৪ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ০.৪৫ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি), ১১ কেভি লেভেলে ২.০৮ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.২৮ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ০.৮০ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি) এবং ০.৪ কেভি লেভেলে ২.১১ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.৪৫ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ০.৬৬ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি);
- (ঙ) ওজোপাড়িকো ১৩২ কেভি লেভেলে ২.৪১ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.১১ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ১.৩০ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি), ৩৩ কেভি লেভেলে ২.৫৬ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.১৯ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ১.৩৭ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি), ১১ কেভি লেভেলে ২.৭৬ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.৪০ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ১.৩৬ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি) এবং ০.৪ কেভি লেভেলে ২.৮০ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.৬৫ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ১.১৫ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি); এবং
- (চ) নেসকো ১৩২ কেভি লেভেলে ২.৫১ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ০.৬৯ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ১.৮২ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি), ৩৩ কেভি লেভেলে ২.৬৪ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ০.৮৬ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ১.৭৮ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি), ১১ কেভি লেভেলে ২.৮০ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.২৭ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ১.৫৩ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি) এবং ০.৪ কেভি লেভেলে ২.৯০ টাকা/কি.ও.ঘ. (বিতরণ ব্যয় ১.৭৬ টাকা/কি.ও.ঘ. ও ক্রস সাবসিডি সারচার্জ ১.১৪ টাকা/কি.ও.ঘ. এর সমষ্টি)।
- ২.১.৫ বাবিউবো এর সমন্বিত প্রস্তাবে এমপিপি এর উৎপাদিত বিদ্যুতের বিলিং এবং সেটেলমেন্টের জন্য কেন্দ্রীয়ভাবে দায়িত্বপ্রাপ্ত সংস্থা হিসেবে বাবিউবো এর জন্য Energy Accounting and Management Charge (EAMC) ০.০৫ টাকা/কি.ও.ঘ. প্রস্তাব করা হয়েছে।
- ২.২ বাবিউবো, পাওয়ার গ্রিড এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের পৃথক পৃথক প্রস্তাবসমূহের সার-সংক্ষেপ:
- বাবিউবো এর সমন্বিত প্রস্তাবে এমপিপি হতে উৎপাদিত বিদ্যুতের অনধিক ২০% পিএসইউ কর্তৃক ক্রয়ের টারিফ সংক্রান্ত প্রস্তাব এবং ওএটি কার্যকরের নিমিত্ত অপারেশনাল প্রসিডিউর, বিলিং কাঠামো, এনার্জি একাউন্টিং ও সেটেলমেন্ট পদ্ধতিসহ প্রয়োজনীয় শর্তাবলী বিষয়ে পৃথক পৃথক প্রস্তাব প্রেরণের জন্য কমিশন কর্তৃক বাবিউবো, পাওয়ার গ্রিড এবং বিতরণ সংস্থা/কোম্পানি সমূহকে ১২ মে ২০২৬ তারিখে পত্র প্রেরণ করা হয়। কমিশনের উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে বাবিউবো, পাওয়ার গ্রিড এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহ ০৭-৩০ জুলাই ২০২৬ তারিখে কমিশনে পৃথক পৃথক প্রস্তাব দাখিল করে, যার সার-সংক্ষেপ নিম্নরূপ:
- ২.২.১ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর পৃথক প্রস্তাবের সারসংক্ষেপ:
- বাবিউবো তাদের পৃথক প্রস্তাবে উপরে উল্লিখিত অভিন্ন অপারেশনাল প্রসিডিউর অন্তর্ভুক্ত করেছে। বাবিউবো তাদের পৃথক প্রস্তাবে অনুচ্ছেদ ২.১ এ উল্লিখিত সমন্বিত প্রস্তাব পুনর্ব্যক্ত করেছে।



পাশাপাশি এমপিপি হতে বিদ্যুৎ বিতরণ পিএসইউ কর্তৃক বিদ্যুৎ ক্রয়ের ট্যারিফ নির্ধারণের ক্ষেত্রে বিইআরসি ঘোষিত বান্ধ ট্যারিফের প্রস্তাব করেছে। বাবিউবো তাদের প্রস্তাবের সাথে প্রস্তাবিত ওএটি-এ বিবেচিত স্থির ব্যয়ের হিসাব, ২০২৫-২৬ অর্থবছরের সাময়িক ও ২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলিত স্থির ব্যয়ের বিবরণী, ২০২৪-২৫ অর্থবছরের নিরীক্ষিত হিসাব প্রতিবেদন এবং একটি খসড়া অপারেশনাল প্রসিডিউর দাখিল করেছে।

২.২.২ পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি (পাওয়ার গ্রিড) এর পৃথক প্রস্তাবের সারসংক্ষেপ:

পাওয়ার গ্রিড তাদের পৃথক প্রস্তাবে পাওয়ার গ্রিডের আর্থিক প্রেক্ষাপট বিবেচনায় ভোল্টেজ লেভেলভিত্তিক সঞ্চালন ওপেন অ্যাক্সেস ট্যারিফ প্রস্তাব করেছে যথাক্রমে ২৩০ কেভিতে ০.৪৮৩১ টাকা/কি.ও.ঘ., ১৩২ কেভিতে ০.৪৮৭৭ টাকা/কি.ও.ঘ. এবং ৩৩ কেভিতে ০.৪৯৬৯ টাকা/কি.ও.ঘ.। পাওয়ার গ্রিড তাদের প্রস্তাবের সাথে ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক রাজস্ব চাহিদার হিসাব এবং একটি খসড়া অপারেশনাল প্রসিডিউর দাখিল করেছে। উল্লেখ্য, পাওয়ার গ্রিড কর্তৃক প্রস্তাবিত উক্ত সঞ্চালন ওপেন অ্যাক্সেস ট্যারিফ বাবিউবো কর্তৃক দাখিলকৃত সমন্বিত প্রস্তাবে উপস্থাপিত সঞ্চালন ওপেন অ্যাক্সেস ট্যারিফ হতে ভিন্ন।

২.২.৩ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) এর পৃথক প্রস্তাবের সারসংক্ষেপ:

বাপবিবো নিজস্ব বিশ্লেষণসহ দাখিলকৃত পৃথক প্রস্তাবে বিতরণ ওপেন অ্যাক্সেস ট্যারিফ শিল্প শ্রেণির গ্রাহকশ্রেণির জন্য ১৩২ কেভি লেভেলে ২.১২৫ টাকা/কি.ও.ঘ., ৩৩ কেভি লেভেলে ৪.১৪৭ টাকা/কি.ও.ঘ., ১১ কেভি লেভেলে ৪.৩৩৭ টাকা/কি.ও.ঘ. এবং ০.৪ কেভি লেভেলে ৪.০৭৭ টাকা/কি.ও.ঘ. প্রস্তাব করা হয়েছে। এছাড়া বাণিজ্যিক শ্রেণির গ্রাহকশ্রেণির জন্য ১৩২ কেভি লেভেলে ২.১২৫ টাকা/কি.ও.ঘ., ৩৩ কেভি লেভেলে ৫.২৫৭ টাকা/কি.ও.ঘ., ১১ কেভি লেভেলে ৬.৫৪৭ টাকা/কি.ও.ঘ. এবং ০.৪ কেভি লেভেলে ৬.৮৩৭ টাকা/কি.ও.ঘ. প্রস্তাব করা হয়েছে। বাপবিবো তাদের প্রস্তাবের সাথে ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির নিরীক্ষিত রাজস্ব-ব্যয় বিবরণী ও ব্যালেন্স শিট এবং একটি খসড়া অপারেশনাল প্রসিডিউর দাখিল করেছে।

২.২.৪ ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর পৃথক প্রস্তাবের সারসংক্ষেপ:

ডিপিডিসি তাদের পৃথক প্রস্তাবে অনুচ্ছেদ ২.১ এ উল্লিখিত সমন্বিত প্রস্তাব পুনর্ব্যক্ত করেছে। ডিপিডিসি তাদের প্রস্তাবের সাথে গ্রাহক শ্রেণিভিত্তিক ক্রস-সাবসিডি, ইউনিটপ্রতি বিতরণ খরচের হিসাব, ২০২৪-২৫ অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং একটি খসড়া অপারেশনাল প্রসিডিউর দাখিল করেছে।

২.২.৫ ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (ডেসকো) এর পৃথক প্রস্তাবের সারসংক্ষেপ:

ডেসকো তাদের পৃথক প্রস্তাবে অনুচ্ছেদ ২.১ এ উল্লিখিত সমন্বিত প্রস্তাব পুনর্ব্যক্ত করেছে। ডেসকো ২০২৫-২৬ অর্থবছরের সাময়িক এবং ২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলিত আয়-ব্যয় বিবরণী দাখিল করেছে। ডেসকো তাদের প্রস্তাবের সাথে ২০২৪-২৫ অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং একটি খসড়া অপারেশনাল প্রসিডিউর দাখিল করেছে।

২.২.৬ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এর পৃথক প্রস্তাবের সারসংক্ষেপ:

ওজোপাডিকো তাদের পৃথক প্রস্তাবে অনুচ্ছেদ ২.১ এ উল্লিখিত সমন্বিত প্রস্তাব পুনর্ব্যক্ত করেছে। ওজোপাডিকো তাদের প্রস্তাবে ইউনিটপ্রতি গড় বিতরণ রেট ২০২৬-২৭ অর্থবছরে



১.৫০ টাকা/কি.ও.ঘ. প্রস্তাব করেছে। ওজোপাড়িকো তাদের প্রস্তাবের সাথে ২০২৪-২৫ অর্থবছরের নিরীক্ষিত হিসাব এবং ৩১ মার্চ ২০২৬ পর্যন্ত বিতরণ ব্যয়ের বিবরণী এবং একটি খসড়া অপারেশনাল প্রসিডিউর দাখিল করেছে।

২.২.৭ নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো) এর পৃথক প্রস্তাবের সারসংক্ষেপ:

নেসকো তাদের পৃথক প্রস্তাবে অনুচ্ছেদ ২.১ এ উল্লিখিত সমন্বিত প্রস্তাব পুনর্ব্যক্ত করেছে। নেসকো প্রস্তাবের সাথে ২০২৫-২৬ অর্থবছরের সাময়িক এবং ২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলিত আয়-ব্যয় এবং একটি খসড়া অপারেশনাল প্রসিডিউর দাখিল করেছে।

৩.০ বাবিউবো, পাওয়ার গ্রিড, বাপবিবো, ডিপিডিসি, ডেসকো, ওজোপাড়িকো এবং নেসকো এর প্রস্তাবসমূহ কমিশন কর্তৃক আনুষ্ঠানিকভাবে গ্রহণ:

৩.১ বেসরকারি অংশগ্রহণে নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ উৎপাদন/বিদ্যুৎ কেন্দ্র স্থাপন নীতিমালা, ২০২৫" অনুযায়ী নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট পাওয়ার প্লান্ট (এমপিপি) হতে উৎপাদিত বিদ্যুৎ পাবলিক সেক্টর ইউটিলিটি (পিএসইউ) এর নিকট বিক্রয়ের জন্য প্রযোজ্য ট্যারিফ, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা ব্যবহারের ওপেন অ্যাক্সেস ট্যারিফ (ওএটি), এবং প্রযোজ্য অপারেশনাল প্রসিডিউর, বিলিং কাঠামো, এনার্জি একাউন্টিং ও সেটেলমেন্ট পদ্ধতিসহ প্রয়োজনীয় শর্তাবলী নির্ধারণের বিষয়ে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি), পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি), ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (ডেসকো), ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাড়িকো) এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো) এর প্রস্তাবসমূহ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর অধীনে প্রণীত সংশ্লিষ্ট ট্যারিফ প্রবিধানমালা অনুযায়ী পরীক্ষা-নিরীক্ষা ও মূল্যায়নের নিমিত্ত ০২ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত ২৯/২০২৬তম বিশেষ কমিশন সভায় একটি কারিগরি মূল্যায়ন কমিটি (Technical Evaluation Team-TEC) গঠন করা হয়।

৩.২ বিদ্যুৎ বিতরণ সংস্থা ও কোম্পানি এবং পাওয়ার গ্রিড এর প্রস্তাবসমূহ গণশুনানি সংশ্লিষ্ট পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ০৪ আগস্ট ২০২৬ তারিখে অনুষ্ঠিত ৩৩/২০২৬তম বিশেষ কমিশন সভায় কমিশন কর্তৃক আনুষ্ঠানিকভাবে গ্রহণ করা হয় এবং গণশুনানি সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৩ কমিশন ২০ আগস্ট ২০২৬ তারিখ বৃহস্পতিবার সকাল ১০:০০ টায় ঢাকাস্থ কাকরাইলে অবস্থিত আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট এর অডিটরিয়ামে নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট পাওয়ার প্লান্ট হতে উৎপাদিত বিদ্যুতের প্রযোজ্য ট্যারিফ নির্ধারণের প্রস্তাবসমূহের ওপর গণশুনানির দিন, সময় এবং স্থান নির্ধারণ করে।

৩.৪ পরবর্তীতে অনিবার্য কারণবশতঃ বর্ণিত গণশুনানি ২৩ আগস্ট ২০২৬ তারিখ রবিবার সকাল ১০:০০ টায় ঢাকাস্থ কাকরাইলে অবস্থিত আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট এর অডিটরিয়ামে নবায়নযোগ্য জ্বালানিনির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট পাওয়ার প্লান্ট হতে উৎপাদিত বিদ্যুতের প্রযোজ্য ট্যারিফ নির্ধারণের প্রস্তাবসমূহের ওপর গণশুনানির দিন পুনর্নির্ধারণ করা হয়।



- ৪.০ বিদ্যুৎ বিতরণ সংস্থা ও কোম্পানিসমূহের এবং পাওয়ার গ্রিড এর প্রস্তাব কারিগরি মূল্যায়ন কমিটি (TEC) কর্তৃক মূল্যায়ন:
- ৪.১ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিদ্যুৎ বিতরণ (খুচরা) ট্যারিফ প্রবিধানমালা, ২০১৬ এর তফসিলে বর্ণিত পদ্ধতি অনুসারে প্রস্তাবসমূহ মূল্যায়ন করে TEC একটি মূল্যায়ন প্রতিবেদন ১৯ আগস্ট ২০২৬ তারিখে কমিশনে দাখিল করে, যার প্রধান বিষয়গুলো নিম্নে উল্লেখ করা হলো:
- ৪.১.১ পিএসইউ কর্তৃক ক্রয়তব্য এমপিপি এর উৎপাদিত অনধিক ২০% বিদ্যুতের ক্রয়মূল্য নির্ধারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ) প্রবিধানমালা, ২০০৮ এর তফসিলে বর্ণিত বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ পদ্ধতি প্রযোজ্যতা মোতাবেক অনুসরণ করা হয়েছে। এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ গ্রাহকপর্যায়ে পৌঁছানোর জন্য সঞ্চালন লাইন/অবকাঠামো ব্যবহারের সঞ্চালন ট্যারিফ নির্ধারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিদ্যুৎ সঞ্চালন ট্যারিফ প্রবিধানমালা, ২০১৬ অনুসরণ করা হয়েছে। এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ গ্রাহকপর্যায়ে পৌঁছানোর জন্য বিতরণ সংস্থা/কোম্পানির বিতরণ সিস্টেম ব্যবহারের বিতরণ ট্যারিফ নির্ধারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিদ্যুৎ বিতরণ (খুচরা) ট্যারিফ প্রবিধানমালা, ২০১৬ অনুসরণ করা হয়েছে।
- ৪.১.২ পিএসইউ কর্তৃক ক্রয়তব্য এমপিপি এর উৎপাদিত অনধিক ২০% বিদ্যুতের ক্রয়মূল্য নির্ধারণের ক্ষেত্রে একটি ৫০ মেগাওয়াট (এসি) সক্ষমতার সৌরনির্ভর বিদ্যুৎ কেন্দ্র যার অক্সিলিয়ারি কনজাম্পশন ০.১৫%, প্ল্যান্ট ফ্যাক্টর ২১%, নিট বার্ষিক বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ৯১.৮৪ মিলিয়ন কি.ও.ঘ., মোট বিনিয়োগ ব্যয় ৩,২৬০.৮৫ মিলিয়ন টাকা, ডেট-ইকুইটি অনুপাত ৭০:৩০, রিটার্ন অন ইকুইটি ১০%, দীর্ঘমেয়াদি ঋণের সুদের হার ৭.৫৬%, স্বল্পমেয়াদী ঋণের সুদের হার ১৩.৫০%, ভারিত গড় কস্ট অব ক্যাপিটাল ৮.৯৬%, ঋণ পরিশোধের সময় ১০ বছর, প্ল্যান্ট লাইফ ২০ বছর এবং মোট পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় ১.২০ টাকা/কি.ও.ঘ. বিবেচনা করা হয়েছে। এসকল বিবেচনায় মোট রেট বেজ ৩,৭০৮.০৯ মিলিয়ন টাকা, মোট পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় ১১০.২১ মিলিয়ন টাকা বিবেচনা করে নবায়নযোগ্য জ্বালানি নির্ভর (সৌর) বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র কর্তৃক উৎপাদিত বিদ্যুতের অনধিক ২০% বিতরণকারি পিএসইউ এর নিকট বিক্রয়ের ট্যারিফ ৬.৪৮ টাকা/কি.ও.ঘ. নির্ধারণ করা;
- ৪.১.৩ সৌর নির্ভর এমপিপি এর সাথে চুক্তিবদ্ধ গ্রাহককে গ্রাহকের চাহিদামত দিবা বা রাত্রিকালীন সময়ে সৌর নির্ভর বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণে এমপিপি এর উৎপাদন ক্ষমতার ১০%-২০% ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেম (BESS) স্থাপন করা;
- ৪.১.৪ ১৩২ কেভি বা তদূর্ধ্ব ভোল্টেজ লেভেলে গ্রিডে সংযুক্ত এমপিপি এর উৎপাদিত ও সঞ্চালিত বিদ্যুতের ক্ষেত্রে এবং সঞ্চালন গ্রিডের উভয় প্রান্তে দুটি ভিন্ন বিতরণ সিস্টেম ব্যবহারের ক্ষেত্রে পাওয়ার গ্রিড কর্তৃক মাসভিত্তিক প্রকাশিত গড় সঞ্চালন লস বিবেচনা করা এবং এনার্জি সেটেলমেন্টের নিমিত্ত মাসভিত্তিতে গ্রিডে সঞ্চালিত বিদ্যুতের গড় সঞ্চালন লস পৃথকভাবে প্রকাশের জন্য পাওয়ার গ্রিডকে নির্দেশনা প্রদান করা;
- ৪.১.৫ ০৩ জুন ২০২৬ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২১ অনুযায়ী পাওয়ার গ্রিডের ২০২৫-২৬ অর্থবছরের নিট সঞ্চালন ব্যয় ৩৯,৩৫৪ মিলিয়ন টাকা, নিট বিদ্যুৎ সঞ্চালনের পরিমাণ ১,০১,২৭০ মিলিয়ন কি.ও.ঘ. এবং নিট রাজস্ব চাহিদা ০.৩৮৮৬ টাকা/কি.ও.ঘ.



- বিবেচনায় পুনর্নির্ধারিত সঞ্চালন চার্জ ২৩০ কেভি লেভেলে ০.৩৭৮৯ টাকা/কি.ও.ঘ., ১৩২ কেভি লেভেলে ০.৩৮২৫ টাকা/কি.ও.ঘ. এবং ৩৩ কেভি লেভেলে ০.৩৮৯৭ টাকা/কি.ও.ঘ. কে এমপিপি কর্তৃক গ্রিড ব্যবহার করে উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালনের ক্ষেত্রে ওপেন অ্যাক্সেস সঞ্চালন ট্যারিফ হিসেবে নির্ধারণ, যা সময়ে সময়ে কমিশন কর্তৃক পুনর্নির্ধারণের সাথে পরিবর্তিত হবে;
- ৪.১.৬ এমপিপি এর গ্রাহক যে ভোল্টেজ লেভেলে বিদ্যুৎ গ্রহণ করবেন সে ভোল্টেজ লেভেলে সর্বশেষ সমাপ্ত অর্থবছরে অর্জিত ভোল্টেজ-লেভেলভিত্তিক বিতরণ সিস্টেম লস কর্তন বিবেচনা এবং প্রতি অর্থবছর সমাপ্তির পর ভোল্টেজ-লেভেলভিত্তিক বিতরণ লস নির্ধারণপূর্বক প্রকাশের জন্য বিতরণ সংস্থা/কোম্পানিসমূহকে নির্দেশনা প্রদান করা;
- ৪.১.৭ ০৩ জুন ২০২৬ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২২ অনুযায়ী বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের নিট বিতরণ ব্যয় প্রতি কি.ও.ঘ. বাবিউবো ০.৭০ টাকা, বাপবিবো ১.৪৩ টাকা, ডিপিডিসি ০.৮৫ টাকা, ডেসকো ০.৯৯ টাকা, ওজোপাড়িকো ০.৮৭ টাকা এবং নেসকো ১.০৪ টাকা বিবেচনায় এমপিপি এর গ্রাহক যে বিতরণ সংস্থার অন্তর্গত হবেন সে সংস্থা/কোম্পানির বিতরণ ব্যয়-কে ওপেন অ্যাক্সেস বিতরণ চার্জ হিসেবে নির্ধারণ করা;
- ৪.১.৮ কোনো এমপিপি কোনো বিতরণ সংস্থার ৩৩ কেভি বা ১১ কেভি লেভেলে সংযুক্ত হয়ে বিদ্যুৎ ইভ্যাকুয়েট করলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানির নিট বিতরণ ব্যয়কে ইনজেকশন চার্জ হিসেবে বিবেচনা করা;
- ৪.১.৯ বিদ্যমান খুচরা বিদ্যুৎ মূল্যহারে শিল্প শ্রেণির গ্রাহকগণ গড় সরবরাহ ব্যয়ের অধিক ট্যারিফ প্রদানের মাধ্যমে আবাসিক/সেচ/শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল প্রভৃতি শ্রেণিকে ক্রস সাবসিডি প্রদান করেন। এমপিপি এর উৎপাদিত বিদ্যুৎ প্রধানত শিল্প শ্রেণির গ্রাহকগণ ক্রয় করবেন মর্মে প্রতীয়মান হওয়ায় এমপিপি থেকে গৃহীত বিদ্যুতের বিপরীতে উক্ত শিল্প গ্রাহকগণ অন্যান্য শ্রেণিকে ক্রস সাবসিডি হিসেবে তুলনামূলক কম কন্ট্রিবিউট করবেন, যার ফলে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানির ভারিত গড় বিলিং রেট হ্রাস পেতে পারে;
- ৪.১.১০ এমপিপি হতে উৎপাদিত বিদ্যুতের এনার্জি সমন্বয় ও বিলিং বাবিউবো কর্তৃক সম্পাদিত হবে বিধায় এনার্জি ম্যানেজমেন্ট এন্ড সেটেলমেন্ট (ইএমএস) চার্জ ০.০৫ টাকা/কি.ও.ঘ. নির্ধারণ করা;
- ৪.১.১১ এমপিপি সরাসরি গ্রিডে এবং গ্রাহক বিতরণ পিসইউ-তে সংযুক্ত থাকলে অনুচ্ছেদ ৪.১.৫ অনুযায়ী ২৩০ কেভি লেভেলে ওপেন অ্যাক্সেস সঞ্চালন ট্যারিফ ০.৩৭৮৯ টাকা/কি.ও.ঘ., ১৩২ কেভি লেভেলে ওপেন অ্যাক্সেস সঞ্চালন ট্যারিফ ০.৩৮২৫ টাকা/কি.ও.ঘ. এবং অনুচ্ছেদ ৪.১.৭ অনুযায়ী বিতরণ কোম্পানিভিত্তিক বিদ্যমান নিট বিতরণ ব্যয়কে ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ হিসেবে বিবেচনা করা;
- ৪.১.১২ এমপিপি এবং গ্রাহক উভয়ই ভিন্ন বিতরণ পিসইউ-তে সংযুক্ত থাকলে অনুচ্ছেদ ৪.১.৭ অনুযায়ী বিতরণ কোম্পানিভিত্তিক বিদ্যমান নিট বিতরণ ব্যয়কে ওপেন অ্যাক্সেস ইনজেকশন ট্যারিফ বিবেচনা করা; এবং
- ৪.১.১৩ এমপিপি এবং গ্রাহক উভয়ই একই বিতরণ পিসইউ-তে সংযুক্ত থাকলে অনুচ্ছেদ ৪.১.৭ অনুযায়ী বিতরণ কোম্পানিভিত্তিক বিদ্যমান নিট বিতরণ ব্যয়কে ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ বিবেচনা করার সুপারিশ করে।



বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৪

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

৪.১.১৪ কারিগরি মূল্যায়ন কমিটি এমপিপি হতে উৎপাদিত বিদ্যুতের প্রস্তাবিত "ওপেন অ্যাক্সেস অপারেশনাল প্রসিডিউর, বিলিং ও এনার্জি সেটেলমেন্ট পদ্ধতি ও শর্তাবলি, ২০২৬" তাদের প্রতিবেদনের সাথে সংযুক্ত করে;

৫.০ কমিশন কর্তৃক আয়োজিত গণশুনানি:

৫.১ কমিশন ২০ আগস্ট ২০২৬ তারিখে নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট পাওয়ার প্লান্ট (এমপিপি) হতে উৎপাদিত বিদ্যুতের জন্য প্রযোজ্য ট্যারিফ নির্ধারণের প্রস্তাবসমূহের ওপর অনুষ্ঠেয় গণশুনানির তারিখ, সময় ও স্থান উল্লেখ করে ০৪ আগস্ট ২০২৬ তারিখে গণবিজ্ঞপ্তি জারী করে। উক্ত গণবিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইটে এবং ০৫-০৬ আগস্ট ২০২৬ তারিখের দৈনিক বণিকবার্তা, দৈনিক কালবেলা এবং The Financial Express পত্রিকায় প্রকাশ করা হয়। কমিশন ২০ আগস্ট ২০২৬ তারিখে গণশুনানি অনুষ্ঠানের বিষয়ে স্বার্থসংশ্লিষ্ট পক্ষসমূহকে লিখিত নোটিশ প্রদান করে। গণবিজ্ঞপ্তি এবং লিখিত নোটিশে আগ্রহী ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত গণশুনানিতে অংশগ্রহণের উদ্দেশ্যে ১৮ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে কমিশনে নাম তালিকাভুক্তকরণ এবং গণশুনানি-পূর্ব লিখিত বক্তব্য/মতামত কমিশনে দাখিলের জন্য অনুরোধ করা হয়।

৫.২ পরবর্তিতে অনিবার্য কারণবশতঃ কমিশন কর্তৃক গণশুনানির তারিখ ২০ আগস্ট ২০২৬ এর পরিবর্তে ২৩ আগস্ট ২০২৬ তারিখ নির্ধারণ করা হয়। পরিবর্তিত তারিখে বাবিউবো, পাওয়ার গ্রিড, বাপবিবো, ডিপিডিসি, ডেসকো, ওজোপাড়িকো এবং নেসকো এর প্রস্তাবসমূহের ওপর অনুষ্ঠেয় গণশুনানির তারিখ, সময় ও স্থান উল্লেখ করে ১১ আগস্ট ২০২৬ তারিখে গণবিজ্ঞপ্তি জারী করা হয়। উক্ত সংশোধিত গণবিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইটে এবং ১২ আগস্ট ২০২৬ তারিখের দৈনিক বণিকবার্তা, দৈনিক কালবেলা এবং The Financial Express পত্রিকায় প্রকাশ করা হয়। কমিশন ২৩ আগস্ট ২০২৬ তারিখে গণশুনানি অনুষ্ঠানের বিষয়ে স্বার্থসংশ্লিষ্ট পক্ষসমূহকে সংশোধিত লিখিত নোটিশ প্রদান করা হয়।

৫.৩ বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বসুন্ধরা রেডিমিক্স এন্ড কন্সটাকশন ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ই-ট্রাইক্যাচ টেকনোলোজিস লিমিটেড, জুলস পাওয়ার লিমিটেড, মিডল্যান্ড ইস্ট পাওয়ার লিমিটেড, মার্চেন্ট পাওয়ার প্ল্যান্ট ডেভেলপারস অ্যাসোসিয়েশন বাংলাদেশ, এনার্গন রিনিউএবলস (বিডি) লিমিটেড, রবি আজিয়াটা পিএলসি এবং গ্রামীনফোন লিমিটেড গণশুনানি-পূর্ব লিখিত মতামত কমিশনে দাখিল করে।

৫.৩ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ১২(৩) অনুযায়ী ২৩ আগস্ট ২০২৬ তারিখ সকাল ১০.০০ টায় কমিশনের চেয়ারম্যানের সভাপতিত্বে আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট এর অডিটরিয়ামে বাবিউবো, পাওয়ার গ্রিড, বাপবিবো, ডিপিডিসি, ডেসকো, ওজোপাড়িকো এবং নেসকো কর্তৃক দাখিলকৃত নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট পাওয়ার প্লান্ট (এমপিপি) হতে উৎপাদিত বিদ্যুতের প্রযোজ্য ট্যারিফ নির্ধারণের প্রস্তাবসমূহের ওপর গণশুনানি অনুষ্ঠিত হয়।

৫.৪ গণশুনানিতে প্রস্তাবকারী বাবিউবো, পাওয়ার গ্রিড, বাপবিবো, ডিপিডিসি, ডেসকো, ওজোপাড়িকো ও নেসকো; বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়; বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ); মার্চেন্ট পাওয়ার



প্ল্যান্ট ডেভেলপারস অ্যাসোসিয়েশন বাংলাদেশ; কাজী ফার্মস লিমিটেড, এইলং ব্যাটারিস লিমিটেড, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই); এক্সপোর্টেক; ই-ট্রাইক্যাচ টেকনোলজিস লিমিটেড; বাংলাদেশ অর্থনীতি সমিতি; বাংলাদেশ মুঠোফোন গ্রাহক এসোসিয়েশন; বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়; মারুবিনি এসিয়ান পাওয়ার বাংলাদেশ লিমিটেড; এইচ এন্ড এম; বাংলাদেশ স্টিল রি-রোলিং মিলস লিমিটেড; স্যামসাং সিএন্ডটি কর্পোরেশন; বাংলাদেশ নীটওয়ার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ); কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব); বাংলাদেশ সোলার এন্ড রিনিউয়েবল এনার্জি এসোসিয়েশন; বাংলাদেশ চায়না রিনিউয়েবলস এনার্জি কোম্পানি লিমিটেড; বিভিন্ন স্টেকহোল্ডারগণ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক গণমাধ্যমের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

৫.৫ গণশুনানিতে কমিশনের চেয়ারম্যান উল্লেখ করেন যে, বিদ্যুৎ খাত দেশের অর্থনৈতিক উন্নয়ন, শিল্পায়ন ও সার্বিক জনজীবনের অন্যতম গুরুত্বপূর্ণ অবকাঠামোগত ভিত্তি। নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার পাশাপাশি বিদ্যুৎ খাতে প্রতিযোগিতা, দক্ষতা ও বেসরকারি বিনিয়োগ সম্প্রসারণ এবং নবায়নযোগ্য জ্বালানির অংশগ্রহণ বৃদ্ধি বর্তমান সময়ের একটি গুরুত্বপূর্ণ নীতিগত অগ্রাধিকার। এ লক্ষ্যে সরকার কর্তৃক প্রণীত নবায়নযোগ্য জ্বালানি নীতিমালা ২০২৫ এবং বেসরকারি অংশগ্রহণে নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ উৎপাদন, বিদ্যুৎ কেন্দ্র স্থাপন নীতিমালা, ২০২৫ এ বেসরকারি খাতে বাণিজ্যিক ভিত্তিতে নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদন এবং উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ ব্যবস্থার মাধ্যমে ভোক্তাপর্যায়ে সরবরাহের সুযোগ সৃষ্টির দিক-নির্দেশনা রয়েছে। এ ধরনের একটি উন্মুক্ত ও প্রতিযোগিতামূলক ব্যবস্থা কার্যকরভাবে শুরু করার পূর্বশর্ত হলো একটি স্বচ্ছ ও ব্যয়-ভিত্তিক টারিফ কাঠামো, যা একদিকে সঞ্চালন ও বিতরণ লাইসেন্সির যৌক্তিক ব্যয় পূরণ নিশ্চিত করবে এবং অন্যদিকে বিদ্যমান ভোক্তা ও নতুন উদ্যোক্তা উভয়ের স্বার্থে ভারসাম্য রক্ষা করবে। এ প্রেক্ষাপটে আজকের গণশুনানি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। কমিশনের চেয়ারম্যান উল্লেখ করেন যে, মূল্যহার পরিবর্তন প্রস্তাব বিষয়ে গণশুনানি গ্রহণ একটি আইনি প্রক্রিয়া। কমিশন অনুসরণীয় পদ্ধতি ও মান অনুযায়ী সংশ্লিষ্ট সকলের স্বার্থ বিবেচনায় নিয়ে প্রস্তাব সমূহের যথার্থতা, ন্যায্যতা ও যৌক্তিকতা বিশ্লেষণ করে। কমিশনের চেয়ারম্যান কমিশন কর্তৃক গণশুনানির উদ্দেশ্য এবং এর বিচারিক তাৎপর্য উল্লেখপূর্বক বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তনের প্রস্তাবটি যে ন্যায্য ও ন্যায়সঙ্গত (Just and Reasonable) তা প্রমাণের দায়িত্ব প্রস্তাবকারী কর্তৃপক্ষের মর্মে উল্লেখ করেন। যদি কোনো পক্ষ প্রস্তাবিত বিষয়সমূহের বিপরীতে ভিন্নমত বা বিকল্প দাবি উপস্থাপন করেন, তবে উক্ত দাবির সমর্থনে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত ও দালিলিক প্রমাণ উপস্থাপনের দায়িত্ব সংশ্লিষ্ট পক্ষের ওপর বর্তাবে। একইভাবে, প্রস্তাবকারী পক্ষকেও তাদের প্রতিটি প্রস্তাব ও দাবির পক্ষে সুস্পষ্ট তথ্য, বিশ্লেষণ এবং প্রাসঙ্গিক দালিলিক প্রমাণ গণশুনানিতে উপস্থাপন করতে হবে, যাতে বিষয়সমূহ পরিষ্কার ও বস্তুনিষ্ঠভাবে প্রতীয়মান হয়। অস্পষ্ট, অস্বচ্ছ ও দালিলিক প্রমাণবিহীন বক্তব্য উপস্থাপন একটি সর্বজনগ্রাহ্য ন্যায়সঙ্গত ও নিরপেক্ষ সিদ্ধান্ত গ্রহণে সহায়ক নয়। কমিশনের চেয়ারম্যান উল্লেখ করেন, কমিশন আশা করে গণশুনানিতে পক্ষগণ যুক্তিযুক্ত তথ্য, উপাত্ত ও প্রাসঙ্গিক বিষয়াদি পেশ করবেন যা বস্তুনিষ্ঠ ও জ্ঞাত এবং দালিলিক প্রমাণ দ্বারা সমর্থিত এবং যা কমিশনের ন্যায়সঙ্গত সিদ্ধান্ত গ্রহণের জন্য সহায়ক হবে।



- ৫.৬ মার্চেন্ট পাওয়ার প্লান্ট (এমপিপি) এর ওপেন অ্যাক্সেস ট্যারিফ সংক্রান্ত প্রস্তাবনায় বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) নিম্নোক্ত বিষয়সমূহ উল্লেখ করে:
- ৫.৬.১ এমপিপি ব্যবস্থায় নবায়নযোগ্য নির্ভর বিদ্যুৎ উৎপাদক সরাসরি বৃহৎ/বান্ধ গ্রাহক এর নিকট পারস্পরিক আলোচনাপূর্বক ট্যারিফ অনুযায়ী বিদ্যুৎ বিক্রি করতে পারবে এবং পাবলিক সেক্টর ইউটিলিটি (পিএসইউ) এর সঞ্চালন/বিতরণ ব্যবস্থা ওপেন অ্যাক্সেস ট্যারিফ (ওএটি) এর বিনিময়ে বৈষম্যহীনভাবে ব্যবহার করতে পারবে;
- ৫.৬.২ এমপিপি ব্যবস্থায় বাবিউবো এর ভূমিকা এনার্জি একাউন্টিং এন্ড ম্যানেজমেন্ট, এনার্জি অডিটিং, মিটারিং, বিলিং সমন্বয় এবং গ্রিড স্টাবিলিটি সরবরাহ বজায় রাখার ক্ষেত্রে সহায়তা করা;
- ৫.৬.৩ ওএটি এর উপাদান হিসেবে ইনজেকশন চার্জ, সঞ্চালন হইলিং চার্জ, বিতরণ রিসিডিং চার্জ এবং এনার্জি একাউন্টিং এন্ড ম্যানেজমেন্ট চার্জ (EAMC) প্রস্তাব করা হয়; যেখানে রিসিডিং চার্জের মধ্যে ক্রস-সাবসিডি সারচার্জ অন্তর্ভুক্ত থাকবে;
- ৫.৬.৪ এমপিপি এর উৎপাদিত প্রতি ইউনিট বিদ্যুতের বিপরীতে বাবিউবো এর জন্য ০.০৫ টাকা/কিলোওয়াট-ঘণ্টা EAMC প্রস্তাব করা হয়;
- ৫.৬.৫ বিতরণ পিএসইউ কর্তৃক এমপিপি এর ঘোষিত মাসিক উৎপাদনের সর্বোচ্চ ২০% কমিশন কর্তৃক নির্ধারিত ট্যারিফে বিদ্যুৎ ক্রয় চুক্তি (পিপিএ) সম্পাদনের মাধ্যমে ক্রয়ের সুযোগ রাখার প্রস্তাব করা হয়;
- ৫.৬.৬ এমপিপি, বৃহৎ গ্রাহক, পাওয়ার গ্রিড এবং সংশ্লিষ্ট বিতরণ পিএসইউ এর মধ্যে সার্ভিস লেভেল এগ্রিমেন্ট (এসএলএ) ও পাওয়ার পারচেজ এগ্রিমেন্ট (পিপিএ) এর মাধ্যমে বাণিজ্যিক ও অপারেশনাল সম্পর্ক নির্ধারণের প্রস্তাব করা হয়;
- ৫.৬.৭ এমপিপি এর উৎপাদিত বিদ্যুৎ গ্রাহকের ব্যবহারের সঙ্গে সমন্বয়ের ক্ষেত্রে সঞ্চালন ও বিতরণ লস বিবেচনা করে মিটারিং ও বিলিং সম্পন্ন করার প্রস্তাব করা হয়;
- ৫.৬.৮ এমপিপি বন্ধ থাকা অবস্থায় বা অক্সিলিয়ারি কনজাম্পশন এর জন্য গ্রিড থেকে বিদ্যুৎ গ্রহণ করলে কমিশন কর্তৃক নির্ধারিত প্রযোজ্য শ্রেণির খুচরা বিদ্যুৎ মূল্যহার এবং প্রযোজ্য হইলিং চার্জ পরিশোধের বিধান রাখার প্রস্তাব করা হয়;
- ৫.৬.৯ এমপিপি হতে বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে পাওয়ার ফ্যাক্টর, রিয়েকটিভ পাওয়ার, মিটারিং, বিলিং ও সেটেলমেন্ট কার্যক্রম ইলেক্ট্রিসিটি গ্রিড কোড এবং প্রযোজ্য বিতরণ কোড অনুযায়ী পরিচালনার প্রস্তাব করা হয়;
- ৫.৬.১০ সৌরভিত্তিক এমপিপি সাধারণত দিনের সীমিত সময়ে বিদ্যুৎ উৎপাদন করায় পিক/অফ-পিক সমন্বয় ও আর্থিক ক্ষতি এড়াতে রিয়েল টাইম এডজাস্টমেন্ট এর বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনার প্রস্তাব করা হয়;
- ৫.৬.১১ এমপিপি এর বিদ্যুৎ উৎপাদন, গ্রাহকের গ্রহণকৃত বিদ্যুৎ, অতিরিক্ত বিদ্যুৎ এবং সংশ্লিষ্ট মিটার ডাটার ভিত্তিতে সমন্বিত এনার্জি একাউন্টিং এর দায়িত্ব বাবিউবো এর উপর রাখার প্রস্তাব করা হয়।



- ৫.৭ প্রস্তাব উপস্থাপনায় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) নিম্নোক্ত বিষয়সমূহ উল্লেখ করে:
- ৫.৭.১ পল্লী বিদ্যুতায়ন ব্যবস্থায় বিপুলসংখ্যক আবাসিক, লাইফ লাইন, সেচ, শিক্ষা, ধর্মীয় ও অন্যান্য ভর্তুকিপ্ৰাপ্ত গ্রাহক থাকায় শিল্প ও বাণিজ্যিক গ্রাহকদের কাছ থেকে প্রাপ্ত আন্ত-গ্রাহকশ্রেণি ক্রস-সাবসিডি পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) সমূহের আর্থিক ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে;
- ৫.৭.২ এমপিপি এর মাধ্যমে শিল্প ও বাণিজ্যিক গ্রাহকদের বিদ্যুৎ ব্যবহার কমে গেলে বিতরণ সংস্থার আন্ত-গ্রাহকশ্রেণি ক্রস-সাবসিডি হ্রাস পাবে বিধায় অন্যান্য গ্রাহক শ্রেণির ট্যারিফ বৃদ্ধি অথবা সরকারি ভর্তুকির প্রয়োজন হতে পারে বলে মত প্রকাশ করেন;
- ৫.৭.৩ প্রতিটি পল্লী বিদ্যুৎ সমিতিতে পৃথক বিতরণ পিএসইউ হিসেবে বিবেচনার প্রস্তাব করা হয়;
- ৫.৭.৪ ইনজেকশন প্রান্তে এবং রিসিভিং প্রান্তে পবিস ভিন্ন হলে ইনজেকশন প্রান্তের পবিস ইনজেকশন চার্জ এবং রিসিভিং প্রান্তের পবিস রিসিভিং চার্জ প্রাপ্য হবে বলে মত প্রকাশ করেন;
- ৫.৮ প্রস্তাব উপস্থাপনায় নর্দান ইলেক্ট্রিসিটি সাল্লাই পিএলসি (নেসকো) নিম্নোক্ত বিষয়সমূহ উল্লেখ করে:
- ৫.৮.১ এমপিপি এর মাধ্যমে নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদক সরাসরি শিল্প ও বাণিজ্যিক গ্রাহকদের বিদ্যুৎ বিক্রি করলে প্রান্তিক ও ভর্তুকিপ্ৰাপ্ত গ্রাহকদের জন্য বিদ্যমান ক্রস-সাবসিডি ব্যবস্থায় নেতিবাচক প্রভাব পড়তে পারে এবং এর ফলে ভবিষ্যতে প্রান্তিক গ্রাহকের খুচরা মূল্যহার বৃদ্ধি বা বান্ধ ট্যারিফ হ্রাস অথবা সরকারি আর্থিক সহায়তার প্রয়োজন হতে পারে।
- ৫.৮.২ ক্রস সাবসিডি সারচার্জ গড় হারে নির্ধারণ না করে সংশ্লিষ্ট গ্রাহক শ্রেণির বর্তমান ট্যারিফ এবং সম্ভাব্য রাজস্ব হ্রাসের ভিত্তিতে নির্ধারণ করা;
- ৫.৮.৩ কমিশন কর্তৃক খুচরা বিদ্যুৎ মূল্যহার পরিবর্তনের সঙ্গে সঙ্গে ওপেন অ্যাক্সেস ট্যারিফ পরিবর্তনের এবং বিতরণ চার্জ সময়ে সময়ে পুনর্নির্ধারণের সুযোগ রাখা;
- ৫.৮.৪ গ্রাহকের এনার্জি এডজাস্টমেন্টের ক্ষেত্রে উৎপাদন ও ব্যবহারের সময়ের ভিত্তিতে রিয়েল টাইম সেটেলমেন্ট করা এবং এমপিপি এর অফ পীক সময়ের জেনারেশনের সঙ্গে অফ পীক ব্যবহার ও পিক সময়ের জেনারেশনের সঙ্গে পিক ব্যবহার সমন্বয়ের প্রস্তাব করেন;
- ৫.৮.৫ এমপিপি কর্তৃক গ্রিডে পর্যাপ্ত রিঅ্যাকটিভ পাওয়ার সরবরাহ নিশ্চিত করা এবং পাওয়ার ফ্যাক্টর এর একটি নির্দিষ্ট সীমা নির্ধারণের প্রস্তাব করেন এবং এর ব্যত্যয় হলে চার্জ আরোপের সুযোগ রাখা;
- ৫.৮.৬ বিকল্প হিসেবে এমপিপি সরাসরি গ্রাহকের নিকট বিদ্যুৎ বিক্রি না করে বাবিউবো বা বিতরণ পিএসইউ এর নিকট বিদ্যুৎ বিক্রি করলে বিদ্যমান কাঠামোর আওতায় গ্রাহকসেবা ও বিতরণ ব্যবস্থা পরিচালনা সহজ হতে পারে; এবং
- ৫.৮.৭ এমপিপি এর বিদ্যুৎ রিয়েল টাইম ভিত্তিতে সমন্বয়ের বিষয়টি বিশেষ গুরুত্বসহকারে বিবেচনা করা এবং প্রান্তিক জনগোষ্ঠীর বিদ্যমান বিদ্যুৎ সুবিধা ও ভর্তুকি যেন ক্ষতিগ্রস্ত না হয় তা নিশ্চিত করা।



বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৪

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

৬.০ স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণের মতামত:

স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণ গণশুনানিতে এবং ক্ষেত্রমতে, গণশুনানির পূর্বে ও পরে লিখিতভাবে তাদের মতামত প্রদান করেন। মতামতসমূহের মূল বক্তব্য ও প্রস্তাবের সার-সংক্ষেপে নিম্নরূপ:

৬.১ কনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব):

গণশুনানিতে উপস্থাপিত বক্তব্য এবং গণশুনানি-পরবর্তী লিখিত মতামতে উল্লেখ করা হয় যে—

৬.১.১ বাবিউবো এর সম্মিলিত প্রতিবেদন তথ্যসমৃদ্ধ হলেও প্রস্তাবিত ট্যারিফ/চার্জসমূহের ভিত্তি ও যৌক্তিকতা আরও যাচাই করা প্রয়োজন; এমপিপি এর জন্য কমিশন কর্তৃক নির্ধারিত বিদ্যমান সঞ্চালন ও বিতরণ চার্জ প্রযোজ্য হওয়া উচিত এবং অযৌক্তিক অতিরিক্ত নেটওয়ার্ক চার্জ আরোপ না করার মত দেওয়া হয়;

৬.১.২ ক্রস সাবসিডি সারচার্জ ও এনার্জি একাউন্টিং ও ম্যানেজমেন্ট চার্জ (EAMC) আরোপের ন্যায্যতা ও ব্যয় নির্ধারণের ভিত্তি সুস্পষ্ট করা এবং EAMC ০.০৫ টাকা/কি.ও.ঘ. বেঞ্চমার্ক জেনারেশন ট্যারিফে অন্তর্ভুক্ত না করার প্রস্তাব করা হয়;

৬.১.৩ বিতরণ পিএসইউ কর্তৃক এমপিপি এর ২০% বিদ্যুৎ ক্রয়ের বেঞ্চমার্ক মূল্যহার ৬.৪৮ টাকা/কি.ও.ঘ. এর কস্ট কম্পোনেন্ট ও বিবেচ্য প্যারামিটারসমূহ যাচাই করে পরিচালন ও রক্ষণাবেক্ষণ, ও অন্যান্য ব্যয় যৌক্তিক পর্যায়ে এনে নবায়নযোগ্য বিদ্যুতের বেঞ্চমার্ক ট্যারিফ কমানোর প্রস্তাব করা হয়;

৬.১.৪ এমপিপি এর উৎপাদিত বিদ্যুৎ ২০% সীমায় আবদ্ধ না রেখে ২০%-১০০% পর্যন্ত বাবিউবো/বিতরণ পিএসইউ এর কাছে বিক্রির সুযোগ এবং পীক/অফ-পীক অনুযায়ী রিয়েল টাইম এডজাস্টমেন্ট বিবেচনার প্রস্তাব করা হয়;

৬.১.৫ এমপিপি এর উৎপাদন, মিটারিং, বিলিং ও এনার্জি ফ্লো পর্যবেক্ষণে কমিশনের অর্থায়নে Smart Monitoring System এবং দেশীয় উদ্যোক্তা/প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধি এবং One Stop Service এর প্রস্তাব করা হয়;

৬.১.৬ স্রেডা আইন এবং বিইআরসি আইন অনুযায়ী নবায়নযোগ্য বিদ্যুতের বেঞ্চমার্ক ট্যারিফ নির্ধারণে কমিশনের নিয়ন্ত্রক ভূমিকা নিশ্চিত এবং পৃথক বেঞ্চমার্ক ট্যারিফ না হওয়া পর্যন্ত সৌরভিত্তিক পিপিপি/আইপিপি/সিপিপি তে ও প্রযোজ্য বেঞ্চমার্ক ট্যারিফ ব্যবহারের প্রস্তাব করা হয়;

৬.১.৭ অতীতের উচ্চমূল্যের আইপিপি এর ব্যয়কে নবায়নযোগ্য বিদ্যুতের ট্যারিফের বেঞ্চমার্ক না করে cost reflectivity, energy justice, monitoring এবং সাধারণ ভোক্তার স্বার্থরক্ষা নিশ্চিত করার ওপর গুরুত্ব দেওয়া হয়।

৬.২ বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন:

গণশুনানি-পূর্ববর্তী লিখিত মতামত এবং গণশুনানিতে উপস্থাপিত মতামতে উল্লেখ করা হয় যে—

৬.২.১ তৈরি পোশাক খাত দেশের রপ্তানি ও অর্থনীতির অন্যতম প্রধান চালিকাশক্তি। আন্তর্জাতিক ক্রেতার green sourcing, carbon compliance ও decarbonization চাহিদা পূরণে নির্ভরযোগ্য নবায়নযোগ্য বিদ্যুৎ জরুরি। Rooftop solar দিয়ে প্রয়োজনীয় চাহিদার সীমিত অংশ পূরণ সম্ভব হওয়ায় ওপেন অ্যাক্সেস এর মাধ্যমে অফ-সাইট রিনিউয়েবল এমপিপি থেকে বিদ্যুৎ সংগ্রহের সুযোগ প্রয়োজন;



বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৪

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

- ৬.২.২ প্রস্তাবিত ক্রস-সাবসিডি সারচার্জ/রিসিভিং চার্জসহ উচ্চ ওপেন অ্যাক্সেস চার্জ নবায়নযোগ্য বিদ্যুতকে আর্থিকভাবে অনাকর্ষণীয় করতে পারে।
- ৬.২.৩ ৩১ ডিসেম্বর ২০৩০ এর মধ্যে যোগ্য এমপিপি এর সঙ্গে বিদ্যুৎ ক্রয় চুক্তি (পিপিএ) সম্পাদনকারী রপ্তানিমুখী বিদ্যুৎ গ্রাহকদের ১০ বছরের জন্য ক্রস-সাবসিডি সারচার্জ/রিসিভিং চার্জ থেকে অব্যাহতি দেওয়ার প্রস্তাব করা হয়;
- ৬.২.৪ রপ্তানিমুখী শিল্পে এমপিপি থেকে সরবরাহকৃত বিদ্যুৎ মূল্য সংযোজন কর (মুসক) মুক্ত করা এবং একটি পৃথক Green Export Electricity Tariff প্রবর্তনের প্রস্তাব করা হয়;
- ৬.২.৫ নবায়নযোগ্য বিদ্যুতের পিপিএ এর দীর্ঘমেয়াদি প্রকৃতি বিবেচনায় ওপেন অ্যাক্সেস ট্যারিফ, উক্ত ট্যারিফ নির্ধারণের পদ্ধতি এবং ছাড়/উৎসাহ ১৫-২০ বছরের পিপিএ এর উপযোগী, স্থিতিশীল ও পূর্বানুমেয় রাখার প্রস্তাব করা হয়;
- ৬.২.৬ BESS এর মাধ্যমে দিনের সৌরবিদ্যুৎ সঞ্চয় করে পীক আওয়ারে সরবরাহ, পীক আওয়ারের ট্যারিফ সুবিধা এবং উদ্বৃত্ত বিদ্যুৎ পরবর্তী সময়ে বিদ্যুৎ গ্রাহকদের অনুকূলে জমা করার সুযোগ রাখার প্রস্তাব করা হয়।
- ৬.২.৭ নবায়নযোগ্য জ্বালানি নীতিমালা, ২০২৫; ১০,০০০ মেগাওয়াট সৌর লক্ষ্য ও Third Nationally Determined Contribution (NDC 3.0) বাস্তবায়নের পাশাপাশি বাংলাদেশের রপ্তানি প্রতিযোগিতা ধরে রাখতে ওপেন অ্যাক্সেস কাঠামোকে দীর্ঘমেয়াদি, বিনিয়োগবান্ধব ও international green compliance চাহিদার উপযোগী করার ওপর গুরুত্ব দেওয়া হয়।
- ৬.৩ মার্কেট পাওয়ার প্ল্যান্ট ডেভেলপারস অ্যাসোসিয়েশন বাংলাদেশ (প্রস্তাবিত):
- গণশুনানি-পূর্ববর্তী লিখিত মতামত, গণশুনানিতে উপস্থাপিত বক্তব্য এবং গণশুনানি-পরবর্তী লিখিত মতামতে উল্লেখ করা হয় যে—
- ৬.৩.১ জাতীয় নবায়নযোগ্য লক্ষ্যমাত্রা, রফতানি প্রতিযোগিতা সক্ষমতা, গ্রিন কমপ্লায়েন্স চাহিদা পূরণে বেসরকারি বিনিয়োগভিত্তিক এমপিপি গুরুত্বপূর্ণ; তবে ওপেন অ্যাক্সেস ট্যারিফ প্রায় ৩.০০ টাকা/কি.ও.ঘ. এর কাছাকাছি হলে এমপিপি এর সরবরাহ ব্যয় ও প্রকল্পের ব্যাংক্যাবিলিটি ক্ষতিগ্রস্ত হতে পারে;
- ৬.৩.২ ওপেন অ্যাক্সেস ট্যারিফ প্রকৃত নেটওয়ার্ক ব্যবহার, পরিমাপযোগ্য কারিগরি ক্ষতি, দক্ষ কন্স্ট অব সার্ভিস এর ভিত্তিতে নির্ধারণ এবং অনুমানযোগ্য রাজস্ব ক্ষতি, হিস্টোরিকাল সাবসিডি বার্ডেন বা অপ্রমাণিত রাজস্ব ক্ষতির ভিত্তিতে ক্রস সাবসিডি সারচার্জ আরোপ না করার প্রস্তাব করা হয়;
- ৬.৩.৩ বিতরণ ইউটিলিটিভেদে রিসিভিং চার্জ এর বড় ব্যবধানের পরিবর্তে কমিশন কর্তৃক harmonized national tariff, voltage/corridor-specific technical loss এবং বৈষম্যহীন চার্জ এর প্রস্তাব করা হয়; বিতরণ নেটওয়ার্ক ব্যবহার না করলে বিতরণ সংক্রান্ত চার্জ না আরোপের অনুরোধ করা হয়;
- ৬.৩.৪ ২০৩০ সালের মধ্যে অনুমোদিত এমপিপি এর জন্য কমার্শিয়াল অপারেশন ডেট (সিওডি) থেকে থেকে ৫-১০ বছর, বিশেষ করে ১০ বছর ক্রস-সাবসিডি সারচার্জ ও ইনজেকশন/রিসিভিং চার্জ



বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৪

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

মওকুফ/হাস এবং এগ্রিভোল্টাইক বা অগ্রাধিকারপ্রাপ্ত নবায়নযোগ্য প্রকল্পের জন্য রেয়াতি চার্জ বিবেচনার প্রস্তাব করা হয়;

- ৬.৩.৫ এনার্জি একাউন্টিং এন্ড ম্যানেজমেন্ট চার্জ, বিলিং, সেটেলমেন্ট, মিটার ডাটা প্রটোকল, পরিশোধের সময়, বিরোধ নিষ্পত্তি এবং বৈদেশিক মুদ্রা টাকায় রূপান্তরের বিষয়ে স্বচ্ছ ও পূর্বানুমেয় নিয়ম এবং বিলের বিরোধের চূড়ান্ত রায় প্রদানের ক্ষমতা কমিশনের হাতে রাখার প্রস্তাব করা হয়;
- ৬.৩.৬ গ্রিড কারটেইলমেন্ট বা ইভ্যাকুয়েশন রেস্ট্রিকশন এর জন্য compensation/minimum assured off-take, সর্বোচ্চ ২০% বিতরণ পিএসইউ কর্তৃক ক্রয়, স্পষ্ট মূল্যহার ও take-or-pay/as-available ভিত্তি এবং উদ্ভূত renewable electricity carry-forward/temporary purchase এর ব্যবস্থা প্রস্তাব করা হয়;
- ৬.৩.৭ ৫০ মেগাওয়াট (এসি) সোলার এমপিপি এর বেঞ্চমার্ক জেনারেশন ট্যারিফ নির্ধারণে বাস্তবভিত্তিক ইপিপি কস্ট, ৬০-৭০ মেগাওয়াট বা অধিক ডিসি ক্যাপাসিটি, ১৩২ কেভি ইভ্যাকুয়েশন, জমি/রাইট অব ওয়ে, SCADA, environmental and social cost ও BESS এর পূর্ণ CAPEX/OPEX অন্তর্ভুক্ত করে প্যারামিটার পুনর্বিবেচনার অনুরোধ করা হয়;
- ৬.৩.৮ প্রকল্পের ব্যাংক্যাবিলিটির জন্য বাস্তব ফাইন্যান্সিং কস্ট, ধনাত্মক NPV, পর্যাপ্ত Debt Service Coverage Ratio (DSCR), debt repayment, investment return, tariff certainty, foreign currency risk ও off-taker creditworthiness বিবেচনার প্রস্তাব করা হয়;
- ৬.৩.৯ ইউটিলিটি স্কেল সোলারের জন্য রিয়েল টাইম এডজাস্টমেন্ট পুনর্বিবেচনা এবং ওপেন অ্যাক্সেস ট্যারিফ কাঠামোকে cost reflectivity, non-discrimination, transparency, predictability ও bankability নীতির ওপর ভিত্তি করে গড়ে তোলার প্রস্তাব করা হয়।
- ৬.৪ **ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি:**
গণশুনানিতে উপস্থাপিত বক্তব্যে উল্লেখ করা হয় যে—
- ৬.৪.১ নবায়নযোগ্য জ্বালানি উন্নয়নে পাকিস্তানের সাম্প্রতিক অভিজ্ঞতাকে একটি সম্ভাব্য উদাহরণ হিসেবে বিবেচনার কথা বলা হয়;
- ৬.৪.২ নবায়নযোগ্য বিদ্যুতের মূল্যহার কমানো গেলে প্রান্তিক বিদ্যুৎ ব্যবহারকারীগণ আর্থিক স্বস্তি পেতে পারে বলে মত দেওয়া হয়।
- ৬.৫ **মুঠোফোন গ্রাহক অ্যাসোসিয়েশন:**
গণশুনানিতে উপস্থাপিত বক্তব্যে উল্লেখ করা হয় যে—
- ৬.৫.১ সিস্টেম লস বা ভর্তুকিভিত্তিক অস্বচ্ছ মূল্যহারের কারণে এমপিপি এর ওপেন অ্যাক্সেস ট্যারিফ এর অতিরিক্ত ব্যয় যেন সাধারণ ভোক্তার ওপর না পড়ে এবং renewable integration এর আর্থিক সুবিধা ভোক্তার কাছে পৌঁছায় তা নিশ্চিত করার প্রস্তাব করা হয়;
- ৬.৫.২ দেশের টেলিকম টাওয়ারগুলোকে পর্যায়ক্রমে green tower/green telecom ব্যবস্থায় আনার জন্য নীতিগত নির্দেশনা এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন থেকে বাংলাদেশ টেলিকম রেগুলেটরী কমিশন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উদ্যোগ নেওয়ার প্রস্তাব করা হয়;



বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৪

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

- ৬.৫.৩ ডাটা সেন্টার ও আইটি সেন্টার এর মতো উচ্চ বিদ্যুৎ চাহিদাসম্পন্ন খাতের জন্য পৃথক green-energy policy/regulatory framework প্রণয়নের প্রস্তাব করা হয়;
- ৬.৫.৪ ওপেন অ্যাক্সেস ট্যারিফ ফ্রেমওয়ার্কে সিস্টেম লস, ভর্তুকি ও গ্রাহকস্বার্থ একসঙ্গে বিবেচনা করে পুনরাবৃত্ত মূল্যবৃদ্ধির ঝুঁকি কমানোর ওপর গুরুত্ব দেওয়া হয়।
- ৬.৬ প্রফেসর ড. হাসিব চৌধুরী, প্রো-ভিসি, বুয়েট:
- গণশুনানিতে উপস্থাপিত বক্তব্যে উল্লেখ করা হয় যে—
- ৬.৬.১ ওপেন অ্যাক্সেস ট্যারিফের মূল উদ্দেশ্য জাতীয় স্বার্থ ও জ্বালানি-নিরাপত্তা, তাই কাঠামোটি বৈষম্যহীন, স্বচ্ছ ও ন্যায্য হতে হবে এবং ইউটিলিটিভেদে চার্জের পার্থক্যের জন্য সঠিক বেঞ্চমার্কিং প্রয়োজন;
- ৬.৬.২ সরকারি সাবসিডি কাঠামো বা ইউটিলিটির রাজস্ব ক্ষতির সমস্যা এমপিপি এর ওপর সরাসরি চাপানো এবং রুফটপ/ক্যাপটিভ জেনারেশন বা এমপিপি এর কারণে গ্রিড কনজাম্পশন কমলে গ্রাহককে পেনালাইজ করা সমীচীন নয়;
- ৬.৬.৩ বিদ্যুতের বিভিন্ন লোডের অর্থনৈতিক গুরুত্ব, আমদানিকৃত এলএনজি/জ্বালানি নির্ভরতা, ভর্তুকির চাহিদা এবং ডিম্যান্ড সাইড ইস্যু বিবেচনায় নিয়ে মূল্যহার নির্ধারণ ও সিস্টেম প্লানিং করা প্রয়োজন;
- ৬.৬.৪ ব্যাটারিচালিত রিকশার চার্জিংসহ ছোট ছোট সিস্টেম ইস্যুর সমন্বিত লস, ট্রান্সফারমারের লাইফ সাইকেল ও ফেইলিউর ইম্প্যাক্টও সামগ্রিক পরিকল্পনায় বিবেচনা করা প্রয়োজন;
- ৬.৬.৫ এমপিপি এর অবস্থান, প্রকৃত পাওয়ার ফ্লো ও প্রকৃত সঞ্চালন লস বিবেচনায় চার্জ/লস নির্ধারণ এবং ইউটিলিটির monopoly-based operating approach প্রয়োজন হলে পরিবর্তনের প্রস্তাব করা হয়;
- ৬.৬.৬ অতীতের অদক্ষ/rent-seeking contract ও ক্যাপাসিটি চার্জ এর দায় নতুন এমপিপি বা নবায়নযোগ্য বিনিয়োগের ওপর না চাপানোর মত দেওয়া হয়;
- ৬.৬.৭ ওপেন অ্যাক্সেস ট্যারিফ ও মূল্যহার বিষয়ে পর্যাপ্ত historical/system data সংগ্রহ করে inception/inspection period এর অভিজ্ঞতার ভিত্তিতে তথ্যনির্ভর সিদ্ধান্ত নেওয়ার ওপর গুরুত্ব দেওয়া হয়।
- ৬.৭ প্রফেসর ড. সৈয়দ মিজানুর রহমান, বাংলাদেশ অর্থনীতি সমিতি:
- গণশুনানিতে উপস্থাপিত বক্তব্যে উল্লেখ করা হয় যে—
- ৬.৭.১ জ্বালানি ও বিদ্যুৎ খাতের অনিয়ম, অসাধু ব্যবসায়িক আচরণ এবং সংশ্লিষ্ট রাজনৈতিক, পেশাজীবী ও কারিগরি পক্ষের দায়বদ্ধতা নিশ্চিত করার ওপর গুরুত্ব দেওয়া হয়;
- ৬.৭.২ ভর্তুকি কাঠামো ও মূল্যহার নির্ধারণে লাইফলাইন, শিল্প, গ্রাম-শহরসহ সব গ্রাহকশ্রেণির পারস্পরিক সম্পর্ক ও ন্যায্যতা বিবেচনা করা প্রয়োজন;
- ৬.৭.৩ জ্বালানি খাতকে উৎপাদন, শিল্প, কর্মসংস্থান ও সামগ্রিক অর্থনীতির পূর্ণাঙ্গ সাইকেল হিসেবে দেখে কারিগরি ও অর্থনৈতিক ভিত্তিতে মূল্যহার নির্ধারণের মত দেওয়া হয়;



৬.৮ সৌর ও রিনিউয়েবল ব্যবসায়ী সমিতি:

গণশুনানিতে উপস্থাপিত বক্তব্যে উল্লেখ করা হয় যে—

- ৬.৮.১ এমপিপিতে বেসরকারি বিনিয়োগকারীদের নিজস্ব অর্থায়ন বিবেচনায় রেগুলেটরী ফ্রেমওয়ার্ক ও মূল্যহার কাঠামো বিনিয়োগবান্ধব রাখা প্রয়োজন;
- ৬.৮.২ গার্মেন্টস খাতের প্রতিযোগিতা ও রফতানি আদেশ রক্ষায় নবায়নযোগ্য বিদ্যুৎ সহায়ক হতে পারে; সরকার প্রয়োজনীয় আর্থিক সহযোগিতা ও সহায়ক কাঠামো দিলে বিনিয়োগের সুযোগ বাড়বে;
- ৬.৮.৩ নবায়নযোগ্য এমপিপি এর প্রাথমিক বিকাশ উৎসাহিত করতে সংশ্লিষ্ট ওপেন অ্যাক্সেস ট্যারিফের কিছু চার্জ কমপক্ষে ১০ বছরের জন্য মওকুফের বিষয় বিবেচনার প্রস্তাব করা হয়।

৬.৯ বসুন্ধরা রেডিমিক্স এন্ড কনস্ট্রাকশন ইন্ডাস্ট্রিজ লিমিটেড:

গণশুনানি-পূর্ববর্তী লিখিত মতামতে উল্লেখ করা হয় যে—

- ৬.৯.১ ওএটি কেবল প্রকৃত কস্ট অব সার্ভিস ও ব্যবহৃত নেটওয়ার্কের ব্যয়ের ভিত্তিতে নির্ধারণ করে ০.৮০ টাকা/কি.ও.ঘ. এর নিচে রাখার প্রস্তাব করা হয়।
- ৬.৯.২ নবায়নযোগ্য এমপিপি কে ফসিল ফুয়েল আইপিপি এর সঙ্গে একইভাবে বিবেচনা না করে গ্রিনফিল্ড লোড ও বিদ্যমান/মাইগ্রেটিং গ্রাহক আলাদাভাবে বিবেচনার প্রস্তাব করা হয়;
- ৬.৯.৩ উচ্চ ওএটি বা ক্রস সাবসিডি সারচার্জ রিনিউয়েবল পিপিএ এর bankability, financial close, private investment ও বৈদেশিক মুদ্রা সাশ্রয়ের সম্ভাবনা ক্ষতিগ্রস্ত করতে পারে;
- ৬.৯.৪ দীর্ঘমেয়াদে সঞ্চালন ও বিতরণ সিস্টেম পরিচালন এবং প্রযোজ্য ক্ষতি পৃথকভাবে দেখানো এবং একটি স্বচ্ছ ও আনবান্ডেলড কস্ট অব সার্ভিস কাঠামো প্রবর্তনের প্রস্তাব করা হয়।

৬.১০ ই-ট্রাইক্যাচ টেকনোলজিস লিমিটেড:

গণশুনানি-পূর্ববর্তী লিখিত মতামতে উল্লেখ করা হয় যে—

- ৬.১০.১ এমপিপি থেকে বৃহৎ শিল্পগ্রাহকের কাছে সরাসরি বিদ্যুৎ সরবরাহের জন্য সহজ, স্বচ্ছ, দীর্ঘমেয়াদি ও বিনিয়োগবান্ধব পৃথক ওপেন অ্যাক্সেস কাঠামো প্রণয়নের প্রস্তাব করা হয়;
- ৬.১০.২ সমন্বিত ওপেন অ্যাক্সেস ট্যারিফ সর্বোচ্চ ০.৯০ টাকা/কি.ও.ঘ. রাখার প্রস্তাব করা হয়;
- ৬.১০.৩ একাধিক সংস্থার পৃথক বিলিং এর পরিবর্তে মিটারিং, এনার্জি একাউন্টিং, হইলিং, বিতরণ ও সেটেলমেন্ট কে একটি কেন্দ্রীয়/সমন্বিত বিলিং ও সেটেলমেন্ট ম্যাকানিজম এর আওতায় আনার প্রস্তাব করা হয়।

৬.১১ জুলস পাওয়ার লিমিটেড:

গণশুনানি-পূর্ববর্তী লিখিত মতামতে উল্লেখ করা হয় যে—

- ৬.১১.১ নবায়নযোগ্য এমপিপি এর ক্ষেত্রে ইনজেকশন চার্জ ও রিসিভিং চার্জ মওকুফ করে কেবল প্রকৃত নেটওয়ার্ক ব্যবহার ও ব্যয়ের ভিত্তিতে যুক্তিসঙ্গত সঞ্চালন হইলিং চার্জ আরোপের প্রস্তাব করা হয়;



৬.১১.২ প্রকৃতপক্ষে বিতরণ অবকাঠামো ব্যবহৃত না হলে বিতরণ চার্জ আরোপ না করা এবং নবায়নযোগ্য বিদ্যুৎ সরবরাহের কারণে সম্ভাব্য ব্যয় হাস এবং স্থানীয় ভোল্টেজ সাপোর্ট এর সুফলও বিবেচনার প্রস্তাব করা হয়;

৬.১১.৩ উচ্চ সঞ্চালন/বিতরণ সংক্রান্ত চার্জ প্রকল্পের ব্যাংকাবিলিটি ও বেসরকারি বিনিয়োগ ক্ষতিগ্রস্ত করতে পারে মর্মে উল্লেখ করে আন্তর্জাতিক অভিজ্ঞতার আলোকে নবায়নযোগ্য প্রকল্পের জন্য ছাড়/রেয়াত বিবেচনার অনুরোধ করা হয়।

৬.১২ মিডল্যান্ড ইন্সট পাওয়ার লিমিটেড:

গণশুনানি-পূর্ববর্তী লিখিত মতামতে উল্লেখ করা হয় যে—

৬.১২.১ রিসিডিং/ট্রান্স-সাবসিডি চার্জ, সঞ্চালন চার্জ এবং এনার্জি ম্যানেজমেন্ট ও একাউন্টিং চার্জ মিলিয়ে ওপেন অ্যাক্সেস সংক্রান্ত চার্জ ২.০০ টাকা/কি.ও.ঘ.-এর বেশি হলে এমপিপি এর বিদ্যুৎ আর্থিকভাবে অনাকর্ষণীয় এবং পিপিএ bankable করা কঠিন হতে পারে;

৬.১২.২ এমপিপি এর উৎপাদিত বিদ্যুতের সর্বোচ্চ ২০% বিতরণ পিএসইউ এর কাছে বিক্রির মূল্যহার কীভাবে নির্ধারিত হবে তা স্পষ্ট ও যৌক্তিক করা;

৬.১২.৩ দীর্ঘমেয়াদি পিপিএ, জেনারেশন ট্যারিফ এবং ওপেন অ্যাক্সেস চার্জ স্থির থাকবে নাকি সাধারণ বিদ্যুতের মূল্যহার পরিবর্তনের সঙ্গে সমন্বয় হবে সে বিষয়ে পূর্বনির্ধারিত ও স্পষ্ট সমন্বয়ের প্রক্রিয়া রাখার প্রস্তাব করা হয়।

৬.১৩ এনার্গন রিনিউয়েবলস (বিডি) লিমিটেড:

গণশুনানি-পূর্ববর্তী লিখিত মতামতে উল্লেখ করা হয় যে—

৬.১৩.১ পাওয়ার গ্রিড, বিতরণ ইউটিলিটি ও বাবিউবো এর চার্জ সর্বোচ্চ ১.০০ টাকা/কি.ও.ঘ. এ সীমাবদ্ধ করার প্রস্তাব করা হয়;

৬.১৩.২ অন্তর্বর্তীভাবে সঞ্চালন ও বিতরণ লস সর্বোচ্চ ৭%-এ ক্যাপ করে পরবর্তীতে মিটারভিত্তিক এবং corridor-specific technical loss দিয়ে তা প্রতিস্থাপনের প্রস্তাব করা হয়;

৬.১৩.৩ হইলিং চার্জ ও লস ফ্যাক্টরকে সমন্বিতভাবে বিবেচনা এবং ইউটিলিটির অদক্ষতাকে ওপেন অ্যাক্সেস ট্যারিফের বেঞ্চমার্ক না করার প্রস্তাব করা হয়; প্রকৃত লস নির্ধারণে প্রধান/চেক মিটার, টেলিমিটারিং ও যোগাযোগ অবকাঠামো স্থাপনে সম্মতির বিষয়ে উল্লেখ করা হয়।

৬.১৪ রবি আজিয়াটা পিএলসি:

গণশুনানি-পূর্ববর্তী লিখিত মতামতে উল্লেখ করা হয় যে—

৬.১৪.১ দেশব্যাপী সমষ্টিগত লোড এক মেগাওয়াট বা তার বেশি হলে মোবাইল নেটওয়ার্ক অপারেটরকে virtual large consumer হিসেবে স্বীকৃতি দিয়ে ভৌগোলিকভাবে বিচ্ছিন্ন সাইটসমূহকে একত্রে এমপিপি/ওপেন অ্যাক্সেস সুবিধা গ্রহণের সুযোগ দেওয়ার প্রস্তাব করা হয়;

৬.১৪.২ সঞ্চালন হইলিং চার্জ, রিসিডিং চার্জ, এনার্জি ম্যানেজমেন্ট ও একাউন্টিং চার্জ মিলিয়ে মোট সঞ্চালন স্টেক ০.৯০ টাকা/কি.ও.ঘ. এর মধ্যে রাখার প্রস্তাব করা হয়;



বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৪

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

৬.১৪.৩ ৫ বছরের জন্য ক্রস-সাবসিডি সারচার্জ এর ওপর ৫০% ছাড় এবং কমপক্ষে ১০ বছরের মূল্যহার/চার্জ অপরিবর্তন রাখার প্রস্তাব করা হয়।

৬.১৫ গ্রামীনফোন লিমিটেড:

গণশুনানি-পূর্ববর্তী লিখিত মতামতে উল্লেখ করা হয় যে—

৬.১৫.১ ওপেন অ্যাক্সেস কাঠামোকে স্বচ্ছ, পূর্বানুমোদিত, ব্যয়-প্রতিফলনমূলক ও নমনীয় রাখার প্রস্তাব করা হয়, যাতে বিভিন্ন ধরনের বড় বিদ্যুৎ গ্রাহক নবায়নযোগ্য বিদ্যুৎ সংগ্রহে অংশ নিতে পারে এবং দীর্ঘমেয়াদি বিনিয়োগ উৎসাহিত হয়।

৬.১৬ জনাব সিরাজুল ইসলাম, বার্তা ২৪:

গণশুনানিতে উপস্থাপিত বক্তব্যে উল্লেখ করা হয় যে—

৬.১৬.১ বর্তমান ও সম্ভাব্য এমপিপি এর সংখ্যা এবং এমপিপি চালু হলে সাধারণ ভোক্তার বিদ্যুৎ বিলের ওপর সম্ভাব্য প্রভাব সম্পর্কে সুস্পষ্ট তথ্য ও প্রাক্কলন থাকা প্রয়োজন;

৬.১৬.২ সৌর উৎপাদন ব্যাহত হলে ব্যাকাপ/স্ট্যান্ডবাই জেনারেশন, বিশেষত ব্যয়বহুল ফার্নেস অয়েলভিত্তিক বিদ্যুতের প্রয়োজন ও তার বিদ্যুতের মূল্যহারে তার প্রভাব বিবেচনা করা উচিত;

৬.১৬.৩ বিদ্যুৎ ঘাটতি মোকাবিলায় নতুন জেনারেশনের পাশাপাশি demand-side management ও energy conservation এর কার্যকর ব্যবস্থা বিবেচনা করা প্রয়োজন;

৬.১৬.৪ বৃহৎ নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক এমপিপি এর বিদ্যুৎ গ্রহণে গ্রিডের প্রস্তুতি, intermittency, storage ও feasibility যাচাই করে মূল্যহার আদেশ প্রণয়ন করা প্রয়োজন;

৬.১৬.৫ নবায়নযোগ্য বিদ্যুতের প্রযুক্তির ব্যয় ও জেনারেশন মিশ্র পরিবর্তনের সঙ্গে জেনারেশন ট্যারিফ পর্যায়ক্রমে পুনর্মূল্যায়ন করা এবং underlying cost কমলে মূল্যহার কমানোর স্পষ্ট পদ্ধতি রাখার প্রস্তাব করা হয়।

৬.১৭ বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়:

গণশুনানিতে উপস্থাপিত বক্তব্যে উল্লেখ করা হয় যে—

৬.১৭.১ রপ্তানিমুখী তৈরি পোষাক শিল্পের নবায়নযোগ্য জ্বালানির চাহিদা পূরণ এবং বেসরকারি খাতকে বিদ্যুতের ব্যবসায় যুক্ত করার জন্য এমপিপি গুরুত্বপূর্ণ বলে মত দেওয়া হয়;

৬.১৭.২ বাবিউবো এর অতীতের লোকসান এমপিপি এর ওপর চাপিয়ে না দিয়ে প্রতিষ্ঠানটিকে সিঙ্গেল বায়ার ও কারিগরি সংস্থা হিসেবে কার্যকর ও ব্রেক-ইভেন অবস্থায় রাখার প্রয়োজনীয়তা তুলে ধরা হয়;

৬.১৭.৩ সরকার নতুন ভর্তুকি বহনের অবস্থায় নেই; তাই এমপিপি ফ্রেমওয়ার্ক এমন হওয়া উচিত যাতে বেসরকারি বিনিয়োগ আকৃষ্ট হয় এবং বিনিয়োগকারী, বিদ্যুতের গ্রাহক, ইউটিলিটি, সরকার ও ভোক্তার কোনো পক্ষ অযৌক্তিকভাবে ক্ষতিগ্রস্ত না হয়;

৬.১৭.৪ রিনিউয়েবল এনার্জি সার্টিফিকেট ও কার্বন মার্কেট ট্রেডিং কে সম্ভাব্য অতিরিক্ত রাজস্বের উৎস হিসেবে বিবেচনার কথা বলা হয়;



বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৪

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

৬.১৭.৫ রিনিউয়েবল টেকনোলোজি ও জেনারেশন কস্ট পরিবর্তনের সঙ্গে মূল্যহার পুনর্মূল্যায়ন করার সুযোগ রাখা এবং প্রকল্পের ব্যয় কমলে বিনিয়োগকারী ও সরকারি বিদ্যুৎ প্রতিষ্ঠান, উভয়ের ফাইন্যান্সিয়াল সাসটেইনেবিলিটি বিবেচনার কথা বলা হয়।

৬.১৮ ব্যারিস্টার ইমতিয়াজ ফারুক:

গণশুনানিতে উপস্থাপিত বক্তব্যে উল্লেখ করা হয় যে—

৬.১৮.১ বিতরণ ইউটিলিটির “সম্ভাব্য রাজস্ব ক্ষতি” পূরণের জন্য ক্রস-সাবসিডি সারচার্জ আরোপ এমপিপি নীতিমালা, ২০২৫ এর বেসরকারি অংশগ্রহণ, ক্লিন এনার্জি, প্রতিযোগিতা, এক্সপোর্ট সেক্টর গ্রিন কমপ্লায়েন্স উদ্দেশ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়;

৬.১৮.২ ভারতের মেঘালয়ের একটি মামলার উদাহরণ উল্লেখ করে বলা হয়, এমপিপি যদি বিদ্যমান সাপ্লাই গ্যাপ পূরণ করে এবং ইউটিলিটি প্রকৃতপক্ষে সেই বিদ্যুৎ সরবরাহ করতে সক্ষম না হয়, তবে সম্ভাব্য রাজস্ব ক্ষতি ধরে ক্রস-সাবসিডি সারচার্জ আরোপের আগে প্রকৃত foregone revenue যাচাই করা প্রয়োজন।

৬.১৯ ড. জেবউন্নেসা, অধ্যাপক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়:

গণশুনানিতে উপস্থাপিত বক্তব্যে উল্লেখ করা হয় যে—

৬.১৯.১ বিদ্যুৎ সরবরাহ নিরবচ্ছিন্ন হওয়ার পাশাপাশি এর মূল্য সাধারণ মানুষের জন্য সহনশীল রাখা প্রয়োজন;

৬.১৯.২ নবায়নযোগ্য বিদ্যুৎ/এমপিপি নতুন সম্ভাবনা সৃষ্টি করতে পারে, তবে ট্রানজিশন এর ব্যয় যেন সাধারণ মানুষ ও ক্ষুদ্র শিল্পের ওপর অতিরিক্ত বোঝা না হয় এবং পরিবেশগত সুফল নিশ্চিত হয়।

৬.২০ চায়না সিভিল ইঞ্জিনিয়ারিং কনস্ট্রাকশন কর্পোরেশন:

গণশুনানিতে উপস্থাপিত বক্তব্যে উল্লেখ করা হয় যে—

৬.২০.১ বাংলাদেশে ওয়েস্ট টু এনার্জি বিনিয়োগের সম্ভাবনা বিবেচনায় এমপিপি নীতিমালার আওতায় এ ধরনের প্রকল্পকে সুস্পষ্টভাবে অন্তর্ভুক্ত ও প্রয়োজনীয় গাইডলাইন প্রদানের প্রস্তাব করা হয়, যাতে বর্জ্য ব্যবস্থাপনা ও বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি বিদেশি বিনিয়োগ/সহায়তা আকৃষ্ট করা সহজ হয়।

৬.২১ বাংলাদেশ স্টিল রি-রোলিং মিলস লিমিটেড:

গণশুনানি-পরবর্তী লিখিত মতামতে উল্লেখ করা হয় যে—

৬.২১.১ জাতীয় গ্রিডের ওপর চাপ কমাতে সৌরভিত্তিক এমপিপি স্থাপনের পরিকল্পনা এবং ইউটিলিটি স্কেলে এমপিপি এর প্রাথমিক বিনিয়োগ অনিশ্চয়তা কমাতে সহায়ক রেগুলেটরী কাঠামোর প্রয়োজনীয়তা উল্লেখ করা হয়;

৬.২১.২ নবায়নযোগ্য এমপিপি এর প্রথম পাঁচ বছরের জন্য ইনজেকশন চার্জ ও ক্রস সাবসিডি সারচার্জ থেকে অব্যাহতি দেওয়ার প্রস্তাব করা হয়;

৬.২১.৩ সঞ্চালন/বিতরণ লস ও সঞ্চালন চার্জ জাতীয় গড়ের পরিবর্তে এমপিপি থেকে গ্রাহকের দূরত্ব, ব্যবহৃত অবকাঠামো ও প্রকৃত নেটওয়ার্ক লসের ভিত্তিতে নির্ধারণের প্রস্তাব করা হয়। ৫০ কিমি ও ৫০-১০০ কিমি দূরত্বের জন্য কম লস ও হাসকৃত সঞ্চালন চার্জের উদাহরণ দেওয়া হয়।



৬.২২ জনাব এ. কে. মাহমুদ, সাবেক প্রধান প্রকৌশলী, বাবিউবো:

গণশুনানি-পরবর্তী লিখিত মতামতে উল্লেখ করা হয় যে—

- ৬.২২.১ ওপেন অ্যাক্সেস ট্যারিফ কে শুধু হইলিং চার্জ নয়, নেটওয়ার্ক ব্যবহার, সিস্টেম লস, connection/augmentation, metering, scheduling, system operation, balancing, ancillary service ও congestion সহ ওপেন অ্যাক্সেস লেনদেনের পূর্ণাঙ্গ কস্ট/সার্ভিস ফ্রেমওয়ার্ক হিসেবে বিবেচনা করা উচিত;
- ৬.২২.২ লস ফ্যাক্টরকে ভোল্টেজ লেভেল, ইনজেকশন/রিসিডিং পয়েন্ট, পাওয়ার ফ্লো প্রকৃত network characteristic অনুযায়ী নির্ধারণ এবং সময় সময় পুনর্মূল্যায়ন করা প্রয়োজন;
- ৬.২২.৩ ওপেন অ্যাক্সেস এর ফলে ইউটিলিটির ইউটিলিটির প্রকৃত retained capacity, committed/stranded/transition cost ও ক্রস-সাবসিডি প্রভাব বিবেচনা করা যেতে পারে, তবে অদক্ষতা রক্ষা বা ওপেন অ্যাক্সেস এর অযৌক্তিক বাধা সৃষ্টি করা উচিত নয়;
- ৬.২২.৪ কার্যকরী মিটারিং, সিডিউলিং ডিসপ্যাচ, সেটেলমেন্ট, ব্যালান্সিং, এনসিলিয়ারি সার্ভিস, গ্রিড সিকিউরিটি, বিরোধ/হিসাবভুক্তকরণের প্রক্রিয়া সুস্পষ্ট করার ওপর গুরুত্ব দেওয়া হয়;
- ৬.২২.৫ ভবিষ্যৎ ইন্ডিপেন্ডেন্ট সিস্টেম অপারেটর (আইএসও), ডে-এ্যাগ্রেড/রিয়েল টাইম মার্কেট, কনজেশন, এনার্জি স্টোরেজ, রিনিউয়েবল ইন্ট্রিশন ও ক্রস বর্ডার ট্রেড এর সঙ্গে সামঞ্জস্য রাখার জন্য ভবিষ্যৎ প্রয়োজ্যতা প্রতিশন রাখার প্রস্তাব করা হয়;
- ৬.২২.৬ ওপেন অ্যাক্সেস ট্যারিফ নিয়মিত পুনর্মূল্যায়ন এবং cost reflectivity, বৈষম্যহীন, ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ও future compatibility কে মূলনীতি হিসেবে গ্রহণের প্রস্তাব করা হয়।

৬.২৩ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো):

গণশুনানি-পরবর্তী লিখিত মতামতে উল্লেখ করা হয় যে—

- ৬.২৩.১ এমপিপি এর কারণে স্বচ্ছল পবিসের শিল্প/বাণিজ্যিক গ্রাহকের নিকট বিক্রয় কমলে ক্রস সাবসিডি ও ভারিত গড় বিলিং রেট হ্রাস পেতে পারে; ২০২৪-২৫ অর্থবছরে ১৩টি স্বচ্ছল পবিস থেকে অস্বচ্ছল পবিসে ৩,৪৫৭.৯৭ কোটি টাকা ক্রস সাবসিডি প্রদানের প্রেক্ষাপটে যথাযথ ক্রস সাবসিডি সারচার্জ বজায় রাখার প্রয়োজনীয়তা তুলে ধরা হয়;
- ৬.২৩.২ প্রতিটি পবিসের সম্পদ, আয়-ব্যয়, নিরীক্ষা ও পাইকারি বিদ্যুৎ মূল্যহার পৃথক হওয়ায় তাদের পৃথক পিএসইউ হিসেবে বিবেচনার মত দেওয়া হয়;
- ৬.২৩.৩ ইনজেকশন ও রিসিডিং প্রান্তে ভিন্ন পবিস থাকলে নেটওয়ার্ক/জনবল ব্যবহারের ভিত্তিতে ইনজেকশন প্রান্তের পবিসকে ওপেন অ্যাক্সেস ইনজেকশন ট্যারিফ এবং রিসিডিং প্রান্তের পবিসকে ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ দেয়ার প্রস্তাব করা হয়;
- ৬.২৩.৪ একই বিতরণ সংস্থা/কোম্পানির মধ্যে এমপিপি ও গ্রাহক থাকলে সংযোগের ভোল্টেজ অনুযায়ী ৩৩ কেভি, ১১ কেভি বা ০.৪ কেভি লেভেল পর্যন্ত প্রয়োজ্য বিতরণ সিস্টেম লস বিবেচনার প্রস্তাব করা হয়।



৬.২৪ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো):

গণশুনানি-পরবর্তী লিখিত মতামতে উল্লেখ করা হয় যে—

- ৬.২৪.১ এমপিপি ও গ্রাহকের সংযোগ চুক্তি অনুযায়ী সংশ্লিষ্ট ইউটিলিটির ভোল্টেজ লেভেলভিত্তিক ওপেন অ্যাক্সেস ট্যারিফ ও প্রযোজ্য বিতরণ সিস্টেম লস বিবেচনার প্রস্তাব করা হয়;
- ৬.২৪.২ ইউটিলিটি-ভেদে ভিন্ন ওপেন অ্যাক্সেস ট্যারিফ থাকলে এমপিপি এর স্থান নির্বাচন ও প্রতিযোগিতায় বৈষম্য সৃষ্টি হতে পারে; তাই সকল বিতরণ ইউটিলিটির জন্য অভিন্ন ওপেন অ্যাক্সেস ট্যারিফের প্রস্তাব করা হয়;
- ৬.২৪.৩ ওপেন অ্যাক্সেস ট্যারিফ এ ক্রস-সাবসিডি়র আর্থিক প্রভাব যথাযথভাবে বিবেচনা না করলে ইউটিলিটির রাজস্ব ভারসাম্যহীন ও ভর্তুকি বাড়তে পারে; এ জন্য সমন্বিত ক্রস-সাবসিডি়র প্রস্তাব করা হয়;
- ৬.২৪.৪ এমপিপি এর প্রাথমিক বিকাশে প্রথম এক বছর ক্রস-সাবসিডি় সারচার্জ না রেখে পরবর্তী সময়ে অভিজ্ঞতা ও আর্থিক প্রভাব পর্যালোচনার ভিত্তিতে তা অন্তর্ভুক্ত করার বিষয় বিবেচনা করা যেতে পারে।

৬.২৫ নর্দান ইলেকট্রিক সাল্লাই পিএলসি (নেসকো):

গণশুনানি-পরবর্তী লিখিত মতামতে উল্লেখ করা হয় যে—

- ৬.২৫.১ প্রস্তাবিত ১.০৪ টাকা/কি.ও.ঘ. ওপেন অ্যাক্সেস ট্যারিফ নেসকো এর প্রকৃত ব্যয় প্রতিফলিত করে না;
- ৬.২৫.২ এমপিপি এর কারণে শিল্প ও বাণিজ্যিক গ্রাহকের বিদ্যুৎ ব্যবহার কমলে প্রাপ্তব্য ক্রস-সাবসিডি় হ্রাস পেতে পারে;
- ৬.২৫.৩ গ্রাহকশ্রেণির ভিত্তিক ক্রস সাবসিডি় সারচার্জ নির্ধারণের প্রস্তাব করা হয়;
- ৬.২৫.৪ ওপেন অ্যাক্সেস ট্যারিফ নিয়মিত পুনর্নির্ধারণ এবং এমপিপি এর জেনারেশন ও গ্রাহকের ব্যবহার পীক/অফ-পীক সময় অনুযায়ী সমন্বয়ের প্রস্তাব করা হয়।

৬.২৬ পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি (পাওয়ার গ্রিড):

গণশুনানি-পরবর্তী লিখিত মতামতে উল্লেখ করা হয় যে—

- ৬.২৬.১ এমপিপি বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্ক ব্যবহার না করলেও গ্রিড অপারেশন, ফোরকাস্টিং, মনিটরিং, সিডিউলিং ও রিয়েক্টিভ পাওয়ার সাপোর্ট এর দায়িত্ব পাওয়ার গ্রিড-কে পালন করতে হয় বিধায় ৩৩/১১ কেভি পর্যায়ে সরবরাহের ক্ষেত্রে প্রতি ইউনিট ০.১৫ টাকা অপারেশনাল চার্জ আরোপের প্রস্তাব করা হয়;



৭.০ কমিশনের পর্যালোচনা ও বিশ্লেষণ:

- ৭.১ গণশুনানিতে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিদ্যুৎ সঞ্চালন ট্যারিফ) প্রবিধানমালা, ২০১৬ এর তফসিলে বর্ণিত “বিদ্যুৎ সঞ্চালন ট্যারিফ নির্ধারণ পদ্ধতি (Methodology) অনুসারে কমিশন কর্তৃক গণশুনানিঅন্তে পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি (পাওয়ার গ্রিড) এর বিভিন্ন ভোল্টেজ লেভেলের জন্য নির্ধারিত সঞ্চালন ট্যারিফ এমপিপি থেকে উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালনের ক্ষেত্রে “ওপেন অ্যাক্সেস সঞ্চালন ট্যারিফ” হিসেবে নির্ধারণের বিষয়ে বক্তব্য এসেছে, যা যথাযথ। তবে বর্ণিত আইন এবং প্রবিধানমালা অনুযায়ী গণশুনানি অন্তে কমিশন কর্তৃক পাওয়ার গ্রিড কর্তৃক সঞ্চালিত বিদ্যুতের বর্ণিত সঞ্চালন ট্যারিফ পুনর্নির্ধারণ করা হলে সে অনুযায়ী সময়ে সময়ে “ওপেন অ্যাক্সেস সঞ্চালন ট্যারিফ” পরিবর্তিত হওয়া যৌক্তিক মর্মে প্রতীয়মান।
- ৭.২ গণশুনানিতে এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থা ব্যবহার করে গ্রাহকের নিকট পৌঁছানোর ক্ষেত্রে পাওয়ার গ্রিডের মাসভিত্তিক ও প্রকৃত গড় সঞ্চালন বিবেচনা করা এবং এতদলক্ষ্যে পাওয়ার গ্রিড কর্তৃক মাসভিত্তিক গড় সঞ্চালন লস পৃথকভাবে প্রকাশের বিষয়ে বক্তব্য এসেছে, যা যথাযথ।
- ৭.৩ গণশুনানিতে এমপিপি এর গ্রাহকের সংশ্লিষ্ট ভোল্টেজ লেভেলে সর্বশেষ অর্থবছরে অর্জিত (প্রকৃত) ভোল্টেজ লেভেলভিত্তিক বিতরণ সিস্টেম লস কর্তন বিবেচনার বিষয়ে বক্তব্য এসেছে যা, বিতরণ সিস্টেম লসের মাসভিত্তিক তারতম্যের বিবেচনায় যৌক্তিক। সেসাথে গণশুনানির আলোচনা মোতাবেক অর্থবছর সমাপ্তির অব্যবহিত পরেই প্রত্যেক বিতরণ লাইসেন্সি কর্তৃক উহার ভোল্টেজ লেভেলভিত্তিক গড় বিতরণ লস প্রকাশ করা আবশ্যিক মর্মে প্রতীয়মান।
- ৭.৪ গণশুনানিতে ০৩ জুন ২০২৬ তারিখের জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২২ অনুযায়ী বিতরণ সংস্থা/কোম্পানি ভিত্তিক নিরুপিত নিট বিতরণ ব্যয়কে বিতরণ সংস্থা/কোম্পানির বিতরণ অবকাঠামো ব্যবহারের বিপরীতে ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ হিসেবে নির্ধারণের বক্তব্য এসেছে। পাশাপাশি এমপিপি এর ওপেন অ্যাক্সেস ট্যারিফ কাঠামো সরল এবং বৈষম্যহীন রাখার নিমিত্ত বিতরণ সংস্থা/কোম্পানিভিত্তিক বিতরণ ওপেন অ্যাক্সেস ট্যারিফ পৃথক নির্ধারণ না করে অভিন্ন হারে নির্ধারণের বিষয়ে মতামত এসেছে। এ প্রেক্ষাপটে যৌক্তিকতা বিবেচনায় কমিশনের বর্ণিত মূল্যহার আদেশ অনুযায়ী সকল বিতরণ সংস্থা/কোম্পানির ভারিত গড় নিট বিতরণ ব্যয়কে এমপিপি এর অভিন্ন বিতরণ ওপেন অ্যাক্সেস ট্যারিফ নির্ধারণের বিষয়টি বিবেচনা করা যায়। তবে প্রত্যেক বিতরণ সংস্থার নিট বিতরণ ব্যয় অনুযায়ী বিতরণ ওপেন অ্যাক্সেস ট্যারিফ বাবদ রাজস্ব বাবিউবো কর্তৃক বণ্টন করা যথাযথ বিবেচিত হয়।



- ৭.৫ গণশুনানিতে সঞ্চালন সিস্টেমের উভয়প্রান্তে পৃথক বিতরণ সংস্থা/কোম্পানির বিতরণ ব্যবস্থা ব্যবহারের ক্ষেত্রে এমপিপি কর্তৃক ইনজেকশন প্রান্তের বিতরণ সংস্থা/কোম্পানির বিতরণ ব্যবস্থা ব্যবহারের জন্য বিতরণ রেটকে ইনজেকশন চার্জ হিসেবে বিবেচনা করার বিষয়ে বক্তব্য এসেছে। পাশাপাশি এমপিপি কর্তৃক প্রকৃত নেটওয়ার্ক ব্যবহারের এবং দক্ষ কন্স্ট অব সার্ভিসের ভিত্তিতে ওপেন অ্যাক্সেস ট্যারিফ নির্ধারণের বিষয়ে মতামত এসেছে। এসকল বিষয় বিবেচনায় এমপিপি কর্তৃক বিতরণ অবকাঠামো ব্যবহার করে পাওয়ার ইনজেকশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানির বিতরণ সিস্টেমের আংশিক ব্যবহার বিবেচনায় বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের ন্যূনতম মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং ন্যূনতম/আংশিক অবচয় ব্যয় প্রাথমিক পর্যায়ে বিবেচনা করা যৌক্তিক বিবেচিত হয়। তবে বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের ভোল্টেজ লেভেলভিত্তিক কন্স্ট অব সার্ভিস নির্ণয়ের নিমিত্ত স্টাডি সম্পাদন করা প্রয়োজন মর্মে প্রতীয়মান।
- ৭.৬ গণশুনানিতে এমপিপি কর্তৃক বিতরণ সংস্থা/কোম্পানির বিতরণ অবকাঠামো ব্যবহার করে পাওয়ার ইনজেকশনের ক্ষেত্রে প্রযোজ্য বিতরণ লস আরোপের বিষয়ে বক্তব্য এসেছে। পাশাপাশি অপরিসংখ্যান্য কারিগরি লস এমপিপি এর ওপর আরোপ না করার বিষয়ে গণশুনানিতে বক্তব্য এসেছে। এমপিপি কর্তৃক বিতরণ সিস্টেমে পাওয়ার ইনজেক্ট করা হলে সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটি সমপরিমাণ পাওয়ার গ্রিড থেকে কম গ্রহণ করবে। এমপিপি কর্তৃক বিতরণ ব্যবস্থায় পাওয়ার ইনজেক্ট করার কারণে বিতরণ সংস্থা/কোম্পানির উক্ত বিতরণ নেটওয়ার্কের কারিগরি ক্ষতি বিদ্যমান অবস্থার তুলনায় বাড়বে কিনা তা এ মুহূর্তে পরিমাপযোগ্য নয় বিধায় এ পর্যায়ে ইনজেকশন প্রান্তে কারিগরি ক্ষতি আরোপ করা যথাযথ হবে না মর্মে প্রতীয়মান।
- ৭.৭ গণশুনানি এবং গণশুনানি উত্তর মতামতে ছাদভিত্তিক বিদ্যুৎ বা ক্যাপটিভ বিদ্যুৎ এর অনুরূপভাবে এমপিপি কর্তৃক বিদ্যুৎ উৎপাদনের কারণে গ্রিড বিদ্যুতের ব্যবহার হ্রাস পেলে গ্রাহককে পেনালাইজ করা সমীচীন না মর্মে বক্তব্য এসেছে। তাছাড়া এমপিপি কর্তৃক নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদনের কারণে ক্রস-সাবসিডি ওপর প্রভাব এ মুহূর্তে পরিমাপযোগ্য নয়। এমতাবস্থায়, এ পর্যায়ে আপাতত এমপিপি এর ওপর ক্রস-সাবসিডি সারচার্জ আরোপ করা সমীচীন নয় মর্মে প্রতীয়মান হয়।
- ৭.৮ গণশুনানিতে এবং গণশুনানি উত্তর মতামতে এমপিপি এর উৎপাদিত/সরবরাহকৃত এবং গ্রাহক কর্তৃক ব্যবহৃত বিদ্যুতের ম্যানেজমেন্ট ও সেটেলমেন্টের জন্য সমন্বিত/একক দায়িত্বপ্রাপ্ত সংস্থা হিসেবে বাবিউবো এর জন্য ০.০৫ টাকা কি.ও.ঘ. হারে Energy Management & Settlement (EMS) চার্জ ধার্য করার বক্তব্য এসেছে, যা যৌক্তিক।



- ৭.৯ এমপিপি কর্তৃক বিদ্যুৎ উৎপাদন/সরবরাহ, মিটারিং, বিলিং, এনার্জি ফ্লো ইত্যাদি বিষয় পর্যবেক্ষণে কমিশনের অর্থায়নে Smart Monitoring System চালুকরণের বিষয়ে গণশুনানিতে বক্তব্য এসেছে। এ বিষয়টি পরীক্ষা নিরীক্ষাপূর্বক পরবর্তীতে কমিশন কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যথাযথ হবে।
- ৭.১০ এমপিপি কর্তৃক উৎপাদিত/সরবরাহকৃত বিদ্যুতের প্রযোজ্য পরিমাণ বিতরণ পিএসইউ এর নিকট বিক্রয়ের মূল্যহার নির্ধারণের ক্ষেত্রে বাবিউবো এর সর্বশেষ সৌরভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র সমূহের সর্বনিম্ন ইপিসি কন্সট, ১৩২ কেভির প্রযোজ্য বিনিয়োগ ব্যয়, বর্তমানে চালু সৌরভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের নিট বিদ্যুৎ উৎপাদনের তথ্য বিবেচনায় ক্যাপাসিটি ইউটাইলাইজেশন ফ্যাক্টর বা প্লান্ট ফ্যাক্টর ২০% এবং ন্যূনতম পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় ০.৯৫২৪ টাকা/কি.ও.ঘ. বিবেচনা করা যথাযথ বিবেচিত হয়।
- ৭.১১ এমপিপি কর্তৃক উৎপাদিত/সরবরাহকৃত বিদ্যুৎ বিতরণ পিএসইউ এর পাশাপাশি বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাবিউবো কর্তৃক ক্রয় করার বিষয়টি উন্মুক্ত রাখার বিষয়ে গণশুনানিতে মতামত এসেছে। এক্ষেত্রে গ্রিড সংযুক্ত এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুতের প্রযোজ্য পরিমাণ বিতরণ পিএসইউ এর পাশাপাশি বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাবিউবো কর্তৃক কমিশনের নির্ধারিত মূল্যহার অনুযায়ী ক্রয়ের সুযোগ রাখা এবং কোনো এমপিপি আকস্মিকভাবে কোনো বৃহৎ গ্রাহক হারালে পারস্পরিক আলোচনার ভিত্তিতে সাময়িক সময়ের জন্য প্রযোজ্য পরিমাণ বিদ্যুৎ বিতরণ পিএসইউ এর পাশাপাশি বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাবিউবো কর্তৃক ক্রয়ের বিষয়টি উন্মুক্ত রাখা যৌক্তিক বলে কমিশন মনে করে।
- ৭.১২ বিতরণ সঞ্চালন নেটওয়ার্কের উভয় প্রান্তে ভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) হলে ভিন্ন বিতরণ পিএসইউ বিবেচনার বিষয়ে গণশুনানিতে বক্তব্য এসেছে। তবে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) উহার আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতি (পবিসসমূহ) এর বিদ্যুৎ বিতরণ কার্যক্রমের জন্য কমিশনের বিতরণ লাইসেন্সি এবং বেসরকারি অংশগ্রহণে নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ উৎপাদন/কেন্দ্র স্থাপন নীতিমালা, ২০২৫ এ বিতরণ পিএসইউ হিসেবে বাপবিবোকে সংজ্ঞায়িত করেছে বিধায় প্রত্যেকটি পবিসকে পৃথক পিএসইউ বিবেচনায় সুযোগ নেই। তাছাড়া পবিসকে পৃথক বিতরণ পিএসইউ বিবেচনা করতে হলে প্রত্যেক পবিসকে পৃথকভাবে কমিশনের বিতরণ লাইসেন্সি হতে হবে এবং প্রতিটি পবিস এর জন্য পৃথকভাবে বিতরণ চার্জ ও প্রযোজ্য সিস্টেম লস নির্ধারণ করতে হবে যা বিদ্যমান অবস্থায় বিবেচনার সুযোগ নেই।



৮.০ রাজস্ব চাহিদা:

নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা এমপিপি হতে উৎপাদিত বিদ্যুৎ পিএসইউ এর নিকট বিক্রয়ের প্রযোজ্য ট্যারিফ, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা ব্যবহারের ওপেন অ্যাক্সেস ট্যারিফ এবং প্রযোজ্য অপারেশনাল প্রসিডিউর, বিলিং কাঠামো, এনার্জি একাউন্টিং ও সেটেলমেন্ট পদ্ধতিসহ প্রয়োজনীয় শর্তাবলী নির্ধারণের নিমিত্ত বাবিউবো, পাওয়ার গ্রিড, বাপবিবো, ডিপিডিসি, ডেসকো, ওজোপাড়িকো এবং নেসকো এর প্রস্তাব; কারিগরি মূল্যায়ন কমিটির প্রতিবেদন; স্বার্থ-সংশ্লিষ্ট পক্ষগণের গণশুনানি-পূর্ব মতামত; গণশুনানিতে উপস্থাপিত বক্তব্য/মতামত; গণশুনানি-পরবর্তী মতামত এবং অনুচ্ছেদ ৭ এ বর্ণিত পর্যালোচনার ভিত্তিতে বেসরকারি অংশগ্রহণে নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ উৎপাদন/কেন্দ্র স্থাপন নীতিমালা, ২০২৫ অনুযায়ী এমপিপি এর উৎপাদিত বিদ্যুতের প্রযোজ্য পরিমাণ বিদ্যুৎ বিতরণ পিএসইউ বা ক্ষেত্রমতে, বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাবিউবো কর্তৃক ক্রয়ের জেনারেশন ট্যারিফ নির্ধারণের রাজস্ব চাহিদা, এমপিপি এর উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থা ব্যবহারের জন্য সঞ্চালন রাজস্ব চাহিদা এবং এমপিপি এর উৎপাদিত বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা ব্যবহারের জন্য বিতরণ রাজস্ব চাহিদা নিয়ে বর্ণিত সারণিসমূহে উপস্থাপন করা হলো:

৮.১ বেসরকারি অংশগ্রহণে নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ উৎপাদন/কেন্দ্র স্থাপন নীতিমালা, ২০২৫ অনুযায়ী নবায়নযোগ্য জ্বালানি নির্ভর এমপিপি এর উৎপাদিত বিদ্যুতের প্রযোজ্য পরিমাণ বিদ্যুৎ বিতরণ পিএসইউ বা ক্ষেত্রমতে, বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাবিউবো কর্তৃক ক্রয়ের জেনারেশন রাজস্ব চাহিদা নির্ধারণের নিমিত্ত বিবেচিত প্যারামিটারসমূহ নিম্নরূপ:

সারণি- ৮.১: এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুতের প্রযোজ্য পরিমাণ বিতরণ পিএসইউ বা বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাবিউবো কর্তৃক ক্রয়ের মূল্যহার নির্ধারণের প্যারামিটারসমূহ

প্যারামিটার/ভ্যারিয়েবল	বাউন্ডারি কন্ডিশন
১ প্ল্যান্টের ধরণ	নবায়নযোগ্য জ্বালানি নির্ভর (সৌর) বিদ্যুৎ কেন্দ্র
২ নিট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা	৫০ মেগাওয়াট (এসি)
৩ অক্সিলিয়ারি কনজাম্পশন	০.১৫%
৪ প্ল্যান্ট ফ্যাক্টর	২০%
৫ নিট বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ	৮৭.৪৭ মিলিয়ন কি.ও.ঘ.
৬ মোট বিনিয়োগ ব্যয়	৩,৭২২.১২ মিলিয়ন টাকা ^১
৭ ডেট-ইকুইটি অনুপাত	৭০:৩০
৮ ভারিত গড় কস্ট অব ক্যাপিটাল	৮.৯৬ ^২
৯ ঋণ পরিশোধের সময়	১০ বছর
১০ প্ল্যান্ট লাইফ (Plant Life)	২০ বছর
১১ মোট পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়	০.৯৫২৪ ^৩ টাকা/কি.ও.ঘ

^১সোলার মডিউল বাবদ ব্যয় ৯৮৯.৫০ মিলিয়ন টাকা এবং ১৩২/৩৩ কেভি বে এক্সটেনশন ব্যয় ২৮.৫৭ কোটি টাকাসহ বিনিয়োগ ব্যয়। উল্লেখ্য ২৩০/১৩২ কেভি বে এক্সটেনশন ব্যয় ১১৮.৪৮ মিলিয়ন টাকাসহ ১৩২ কেভি লেভেলে বিদ্যুৎ সরবরাহ বিবেচনায় মোট বিনিয়োগ ব্যয় দাঁড়ায় ৩,৮১২.৪২ মিলিয়ন টাকা।

^২স্বল্পমেয়াদি ঋণের সুদের হার ১৩.৫০% দীর্ঘমেয়াদি ঋণের সুদের হার ৭.৫৬% এবং ইকুইটির রিটার্ন ১০% বিবেচনায় ভারিত গড় কস্ট অব ক্যাপিটাল (Weighted Average Cost of Capital-WAAC) হিসেবে।

^৩বর্তমানে চালুকৃত ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (ইজিসিবি) এর মালিকানাধীন সোনাগাজী ৭৫ মেগাওয়াট সৌর নির্ভর বিদ্যুৎ কেন্দ্রের প্রযোজ্য নিরীক্ষিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় বিবেচনায়।



৮.২ অনুচ্ছেদ ৭ এর পর্যালোচনা ও অনুচ্ছেদ ৮.১ এ বর্ণিত প্যারামিটারসমূহ বিবেচনায় সৌরভিত্তিক এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ ৩৩ কেভি এবং ১৩২ কেভি ভোল্টেজ লেভেলে সরবরাহের ক্ষেত্রে নিরূপিত জেনারেশন রাজস্ব চাহিদা নিম্নরূপ:

সারণি- ৮.২.১: সৌরভিত্তিক এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ ৩৩ কেভি ভোল্টেজ লেভেলে সরবরাহের ক্ষেত্রে জেনারেশন রাজস্ব চাহিদা

বিবরণ	পরিমাণ (মিলিয়ন টাকা)
১ নিট ইউটিলিটি প্লান্ট ইন সার্ভিস	৩,৫৪৭.১২ ^১
২ রেগুলেটরি ওয়ার্কিং ক্যাপিটাল	৪৪২.৭৬ ^২
৩ মোট রেট বেজ (১+২)	৩,৯৮৯.৮৮
৪ রেট বেজের ওপর রিটার্নের হার (WACC)	৮.৮৭%
৫ রেট বেজের ওপর রিটার্ন (৩x৪)	৩৫৩.৯০
৬ পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়	৮৩.৩১ ^৩
৭ অবচয় ব্যয়	১৭৫.০০
৮ মোট পরিচালন ব্যয় (৬+৭)	২৫৮.৩১
৯ সুপারিশকৃত মোট রাজস্ব চাহিদা (৫+৮)	৬১২.২১
১০ অন্যান্য আয়	১.৮৮
১১ নিট রাজস্ব চাহিদা (৯-১০)	৬১০.৩৩
১২ বার্ষিক নিট বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ	৮৭.৪৭ মি.কি.ও.ঘ.
১৩ বিদ্যুৎ উৎপাদন ব্যয় (টাকা/কি.ও.ঘ.) [১১/১২]	৬.৯৮

^১সোলার মডিউল বাবদ ব্যয় ৯৮৯.৫০ মিলিয়ন টাকা এবং ৩৩ কেভি বে এসসিটেনশন ব্যয় ২৮.৫৭ মিলিয়ন টাকাসহ বিনিয়োগ ব্যয় ৩,৭২২.১২ মিলিয়ন টাকা থেকে ক্রমপুঞ্জীভূত অবচয় ১৭৫.০০ মিলিয়ন টাকা ব্যতীত।

^২পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়ের দুই মাসের ব্যয়; বার্ষিক ম্যাটেরিয়ালস এন্ড সাপ্লাইজ ইনভেন্টরি এবং বার্ষিক প্রি-পেমেন্ট এর সমষ্টি হিসেবে।

^৩অনুচ্ছেদ ৭ এর পর্যালোচনা এবং সারণি ৮.১ এর নোট ৩ এ উল্লিখিত প্রতি কি.ও.ঘ. নিট বিদ্যুৎ উৎপাদনের বিপরীতে ০.৯৫২৪ টাকা পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় বিবেচনায়।

সারণি- ৮.২.২: সৌরভিত্তিক এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ ১৩২ কেভি ভোল্টেজ লেভেলে সরবরাহের ক্ষেত্রে জেনারেশন রাজস্ব চাহিদা

বিবরণ	পরিমাণ (মিলিয়ন টাকা)
১ নিট ইউটিলিটি প্লান্ট ইন সার্ভিস	৩৬৩৩.১৮ ^১
২ রেগুলেটরি ওয়ার্কিং ক্যাপিটাল	৪৩৬.৩৮ ^২
৩ মোট রেট বেজ (১+২)	৪০৬৯.৫৬
৪ রেট বেজের ওপর রিটার্নের হার (WACC)	৮.৮৭%
৫ রেট বেজের ওপর রিটার্ন (৩x৪)	৩৬০.৯৭
৬ পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়	৮৩.৩১ ^৩
৭ অবচয় ব্যয়	১৭৯.২৪
৮ মোট পরিচালন ব্যয় (৬+৭)	২৬২.৫৫



বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৪

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

বিবরণ		পরিমাণ (মিলিয়ন টাকা)
৯	সুপারিশকৃত মোট রাজস্ব চাহিদা (৫+৮)	৬২৩.৫২
১০	অন্যান্য আয়	১.৯১
১১	নিট রাজস্ব চাহিদা (৯-১০)	৬২১.৬১
১২	বার্ষিক নিট বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ	৮৭.৪৭ মি.কি.ও.ঘ.
১৩	বিদ্যুৎ উৎপাদন ব্যয় (টাকা/কি.ও.ঘ.)	৭.১১

^১সোলার মডিউল বাবদ ব্যয় ৯৮৯.৫০ মিলিয়ন টাকা এবং ১৩২ কেভি বে এক্সটেনশন ব্যয় ১১৮.৪৮ মিলিয়ন টাকাসহ বিনিয়োগ ব্যয় ৩,৮১২.৪২ মিলিয়ন টাকা থেকে ক্রমপুঞ্জীভূত অবচয় ১৭৯.২৪ মিলিয়ন টাকা ব্যতীত।

^২পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়ের দুই মাসের ব্যয়; বার্ষিক ম্যাটেরিয়ালস এন্ড সাপ্লাইজ ইনভেন্টরি এবং বার্ষিক প্রি-পেমেন্ট এর সমষ্টি হিসেবে।

^৩অনুচ্ছেদ ৭ এর পর্যালোচনা এবং সারণি ৮.১ এর নোট ৩ এ উল্লিখিত প্রতি কি.ও.ঘ. নিট বিদ্যুৎ উৎপাদনের বিপরীতে ০.৯৫২৪ টাকা পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় বিবেচনায়।

৮.৩ পাওয়ার গ্রিড পিএলসি বাংলাদেশ এর সঞ্চালন রাজস্ব চাহিদা পুনর্নির্ধারণ করে ০৩ জুন ২০২৬ তারিখে কমিশন কর্তৃক জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২১ অনুযায়ী নির্ধারিত সঞ্চালন ব্যয় এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ পাওয়ার গ্রিড এর সঞ্চালন ব্যবস্থা ব্যবহারের জন্য বিবেচ্য।

৮.৩.১ ০৩ জুন ২০২৬ তারিখে কমিশন কর্তৃক জারীকৃত বর্ণিত মূল্যহার আদেশে পাওয়ার গ্রিডের বিদ্যুৎ সঞ্চালন রাজস্ব চাহিদা নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হয়:

সারণি- ৮.৩.১: ০৩ জুন ২০২৬ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২১ অনুযায়ী পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি এর সঞ্চালন রাজস্ব চাহিদা

বিবরণ		পরিমাণ (মিলিয়ন টাকা)
১	জনবল ব্যয়	৪,৮০৮
২	মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয়	১,২৫৬
৩	অফিস, প্রশাসনিক ও সাধারণ ব্যয়	১,৬১৩
৪	অবচয়	১৫,৫১৮
৫	বৈদেশিক মুদ্রার বিনিময় হারের হ্রাস-বৃদ্ধিজনিত লাভ-ক্ষতি	২,২৩৫
৬	রিটার্ন অন রেন্ট বেজ	১৭,৮৮৫
৭	কর্পোরেট ট্যাক্স	৬৪৪
৮	মোট সঞ্চালন ব্যয় (১+....+৭)	৪৩,৯৫৮
৯	অন্যান্য আয়	৪,৬০৪
১০	নিট সঞ্চালন ব্যয় (৮-৯)	৩৯,৩৫৪
১১	নিট বিদ্যুৎ সঞ্চালনের পরিমাণ (মিলিয়ন কি.ও.ঘ.)	১,০১,২৭০
১২	নিট রাজস্ব চাহিদা (টাকা/কি.ও.ঘ.)	০.৩৮৮৬

৮.৩.২ বর্ণিত রাজস্ব চাহিদা অনুযায়ী উক্ত আদেশের মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত সঞ্চালন মূল্যহার ২৩০ কেভি লেভেলে ০.৩৭৮৯ টাকা/কি.ও.ঘ., ১৩২ কেভি লেভেলে ০.৩৮২৫ টাকা/কি.ও.ঘ. এবং ৩৩ কেভি লেভেলে ০.৩৮৯৭ টাকা/কি.ও.ঘ. পুনর্নির্ধারণ করা হয়, যা এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ পাওয়ার গ্রিডের বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থা ব্যবহারের জন্য বিবেচ্য।



বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৪

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

৮.৪ বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের বিতরণ রাজস্ব চাহিদা পুনর্নির্ধারণ করে ০৩ জুন ২০২৬ তারিখে কমিশন কর্তৃক জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২২ অনুযায়ী নির্ধারিত বিতরণ ব্যয় এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা ব্যবহারের জন্য বিবেচ্য।

৮.৪.১ বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের বিদ্যুৎ বিতরণ চার্জ/রাজস্ব চাহিদা এবং ভোক্তাপর্যায়ে খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনর্নির্ধারণ করে ০৩ জুন ২০২৬ তারিখে কমিশন কর্তৃক জারীকৃত বর্ণিত মূল্যহার আদেশে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের বিতরণ রাজস্ব চাহিদা নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হয়

সারণি- ৮.৪.১: ০৩ জুন ২০২৬ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২২ অনুযায়ী বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের বিতরণ রাজস্ব চাহিদা

ব্যয়ের খাত	রাজস্ব চাহিদা (মিলিয়ন টাকা)						
	বাবিউবো	বাপবিবো	ডিপিডিসি	ডেসকো	ওল্লোপাডিকো	নেসকো	মোট
১ জনবল ব্যয়	৪,০১০	৩৪,১১০	৪,৩৯৬	৩,০৮৬	১,৭৭৬	৩,১৫৫	৫০,৫৩৩
২ মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয়	১,৮৯৫	১,৩৪০	৫৭৫	১,৪৫১	১৮৪	১৩২	৫,৫৭৭
৩ অফিস, প্রশাসনিক ও সাধারণ ব্যয়	১,৪৮৪	৫,৪৭৩	৬৮৫	৪৩২	৭৪৯	৪২০	৯,২৪৩
৪ বৈদেশিক মুদ্রার বিনিময় হারের হ্রাস-বৃদ্ধিজনিত ক্ষতি	১৮		৪০০	২৩০	১১৫	২	৭৬৫
৫ অবচয়	৫৩৩৩	৩৫১৪৮	৩৫৭৫	২৪৬৪	১৪২১	১১৬৬	৪৯,১০৭
৬ রিটার্ন অন রেন্ট বেজ	৮৮৭	১৭,৯৭৯	৩,০৩৫	২,৩৮৩	১,৫৭৮	১,৪৫৭	২৭,৩১৯
৭ কর্পোরেট ট্যাক্স	৩৩	৫৫৭২	৪৭০	৩২৫	১১৭	২৬৯	৬,৭৮৬
৮ মোট বিতরণ ব্যয়/মোট বার্ষিক রাজস্ব চাহিদা (১+২+...+৭)	১৩,৬৬০	৯৯,৬২২	১৩,১৩৬	১০,৩৭১	৫,৯৪০	৬,৬০১	১৪৯,৩৩০
৯ অন্যান্য আয়	৩,৭৭২	২৩,২৬৯	৩,৩৮৪	২,৯৮২	২,২২৩	১,৪৩৪	৩৭,০৬৪
১০ নিট বার্ষিক বিতরণ রাজস্ব চাহিদা (৮-৯)	৯,৮৮৮	৭৬,৩৫৩	৯,৭৫২	৭,৩৮৯	৩,৭১৭	৫,১৬৭	১১২,২৬৬
১১ খুচরা বিদ্যুৎ বিক্রয় (মিলিয়ন কি.ও.ঘ.)	১৪,২১৩	৫৩,২৮৯	১১,৪২০	৭,৪৯৯	৪,২৫০	৪,৯৪৬	৯৫,৬১৭
১২ নিট বিতরণ রেট [টাকা/কি.ও.ঘ.] (১০÷১১)	০.৭০	১.৪৩	০.৮৫	০.৯৯	০.৮৭	১.০৪	১.১৭

৮.৪.২ উপরে বর্ণিত বিতরণ সংস্থা/কোম্পানিভিত্তিক বিতরণ রাজস্ব চাহিদার ভারিত গড় এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ গ্রাহককে সরবরাহের নিমিত্ত বিতরণ ব্যবস্থা ব্যবহারের জন্য প্রদেয় ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ হিসেবে বিবেচ্য।



বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৪

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

৮.৪.৩ উপরের অনুচ্ছেদ ৮.৪.১ এ নির্ধারিত বিতরণ রাজস্ব চাহিদা অনুযায়ী বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের গড় মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় ০.০৫ টাকা/কি.ও.ঘ এবং অবচয় ব্যয় ভারিত গড়ে প্রায় ০.৫১ টাকা/কি.ও.ঘ., যার মধ্যে অবচয় ব্যয় প্রতি কি.ও.ঘ. বাবিউবো ০.৩৮ টাকা, বাপবিবো ০.৬৬ টাকা, ডিপিডিসি ০.৩১ টাকা, ডেসকো ০.৩৩ টাকা, ওজোপাডিকো ০.৩৩ টাকা এবং নেসকো ০.২৪ টাকা। এমপিপি কর্তৃক প্রধানত বিতরণ সংস্থা/কোম্পানির ৩৩ কেভি বা ১১ কেভি লেভেলের বিতরণ ব্যবস্থা ব্যবহৃত হবে মর্মে প্রতীয়মান। বিতরণ সংস্থা/কোম্পানির বিতরণ ব্যবস্থার একটি উল্লেখযোগ্য অংশের বিনিয়োগ ব্যয় ০.৪০ কেভি ভোল্টেজ লেভেলের বিতরণ ব্যবস্থার ক্ষেত্রে প্রযোজ্য। এমতাবস্থায়, এমপিপি কর্তৃক ইনজেকশন প্রাপ্ত বিতরণ ব্যবস্থা ব্যবহারের বিপরীতে ন্যূনতম/আংশিক অবচয় ব্যয় হিসেবে ০.২৫ টাকা/কি.ও.ঘ. এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় ০.০৫ টাকা/কি.ও.ঘ.সহ মোট ০.৩০ টাকা/কি.ও.ঘ. এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ, বিতরণ ব্যবস্থায় ইনজেক্ট করার ক্ষেত্রে আপাতত বিতরণ ওপেন অ্যাক্সেস ট্যারিফ (ইনজেকশন প্রাপ্ত) হিসেবে বিবেচনা করা যায়। তবে এক্ষেত্রে প্রকৃত বিতরণ ব্যয় নিরূপণের নিমিত্ত ভোল্টেজ লেভেলভিত্তিক বিতরণ কন্সট অব সার্ভিস নিরূপণ করা যথাযথ মর্মে প্রতীয়মান।

৯.০ মূল্যহার আদেশ:

সার্বিক বিষয় পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করে কমিশনের আদেশ হলো যে:-

- ৯.১ নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট পাওয়ার প্লান্ট (এমপিপি) কর্তৃক উহার গ্রাহককে উৎপাদিত নবায়নযোগ্য বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে পাওয়ার গ্রিড এর সঞ্চালন ব্যবস্থা ব্যবহারের জন্য সঞ্চালন ওপেন অ্যাক্সেস ট্যারিফ, বিদ্যুৎ বিতরণ পিএসইউ এর বিতরণ ব্যবস্থা ব্যবহারের জন্য বিতরণ ওপেন অ্যাক্সেস ট্যারিফ এবং ওপেন অ্যাক্সেস লেনদেনের জন্য প্রযোজ্য সঞ্চালন ও বিতরণ লস নির্ধারণ করা হলো এবং নির্ধারিত সঞ্চালন ওপেন অ্যাক্সেস ট্যারিফ, বিতরণ ওপেন অ্যাক্সেস ট্যারিফ এবং প্রযোজ্য সঞ্চালন ও বিতরণ লস পরিশিষ্ট-‘ক’ এ সংযুক্ত করা হলো।
- ৯.২ নবায়নযোগ্য জ্বালানি নির্ভর এমপিপি হতে উৎপাদিত বিদ্যুতের এনার্জি কেন্দ্রীয়ভাবে সমন্বয় এবং বিলিং এর জন্য বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাবিউবো এর এনার্জি ম্যানেজমেন্ট এন্ড সেটেলমেন্ট (ইএমএস) চার্জ ০.০৫ টাকা/কি.ও.ঘ. নির্ধারণ করা হলো।
- ৯.৩ নবায়নযোগ্য জ্বালানি নির্ভর এমপিপি হতে উৎপাদিত/সরবরাহকৃত বিদ্যুতের ওপেন অ্যাক্সেস অপারেশনাল প্রসিডিউর, বিলিং এবং এনার্জি সেটেলমেন্ট পদ্ধতি ও শর্তাবলি, ২০২৬ এ আদেশের অংশ হিসেবে পরিশিষ্ট-‘খ’ এ সংযুক্ত করা হলো।



৯.৪ (ক) সৌর নির্ভর এমপিপি থেকে বিতরণ পিএসইউ বা বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) কর্তৃক ৩৩ কেভি লেভেলে বিদ্যুৎ ক্রয়ের ট্যারিফ ৬.৯৮ টাকা/কি.ও.ঘ. এবং ১৩২ কেভি লেভেলে বিদ্যুৎ ক্রয়ের ট্যারিফ ৭.১১ টাকা/কি.ও.ঘ. নির্ধারণ করা হলো।

(খ) উপ-অনুচ্ছেদ (ক) এ নির্ধারিত ট্যারিফ অনুযায়ী বিদ্যুৎ বিতরণ পিএসইউ যে কোনো এমপিপি থেকে এবং বিতরণ পিএসইউ বা বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাবিউবো সরাসরি ১৩২ কেভি বা তদুর্ধ্ব ভোল্টেজ লেভেলে গ্রিড সংযুক্ত এমপিপি থেকে বেসরকারি অংশগ্রহণে নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ উৎপাদন/কেন্দ্র স্থাপন নীতিমালা, ২০২৫ অনুযায়ী বিদ্যুৎ ক্রয় চুক্তি (পিপিএ) সম্পাদনের মাধ্যমে প্রযোজ্য পরিমাণ বিদ্যুৎ ক্রয় করতে পারবে।

(গ) উপ-অনুচ্ছেদ (ক) এবং (খ) অনুযায়ী বিতরণ পিএসইউ বা বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাবিউবো কর্তৃক সৌর নির্ভর এমপিপি থেকে বিদ্যুৎ ক্রয়ের ক্ষেত্রে অন্য কোনো চার্জ প্রযোজ্য হবে না।

৯.৫ কমিশন কর্তৃক পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি এর বিদ্যুৎ সঞ্চালন ট্যারিফ এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের বিদ্যুৎ বিতরণ ট্যারিফ পরিবর্তন করা হলে সে অনুযায়ী যথাক্রমে ওপেন অ্যাক্সেস সঞ্চালন ট্যারিফ এবং ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ পরিবর্তিত হবে।

৯.৬ নবায়নযোগ্য (সৌর) নির্ভর বিদ্যুৎ উৎপাদনের প্রযুক্তির পরিবর্তন এবং বাস্তব অবস্থা বিবেচনায় কমিশন সময়ে সময়ে, সৌর নির্ভর এমপিপি থেকে বিতরণ পিএসইউ বা ক্ষেত্রমতে বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক প্রযোজ্য পরিমাণ বিদ্যুৎ ক্রয়ের ট্যারিফ পুনর্নির্ধারণ করবে।

৯.৭ এ আদেশের কোনো বিধান প্রয়োগের ক্ষেত্রে অসুবিধা সৃষ্টি হলে তা স্পষ্টীকরণের জন্য কমিশনে প্রেরণ করতে হবে এবং এ বিষয়ে কমিশনের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯.৮ এ আদেশ বিল মাস অক্টোবর ২০২৬ থেকে কার্যকর হবে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

১০.০ নির্দেশনাসমূহ:

১০.১ কোনো এমপিপি আকস্মিকভাবে কোনো বৃহৎ গ্রাহক হারালে পারস্পরিক আলোচনার ভিত্তিতে সাময়িক সময়ের জন্য এ আদেশের অনুচ্ছেদ ৯.৪ এ নির্ধারিত মূল্যহার অনুযায়ী বিদ্যুৎ বিতরণ পিএসইউ বা বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাবিউবো উক্ত এমপিপি থেকে প্রযোজ্য পরিমাণ বিদ্যুৎ ক্রয় করতে পারবে।



- ১০.২ নবায়নযোগ্য জ্বালানি নির্ভর এমপিপি কর্তৃক উৎপাদিত/সরবরাহকৃত নবায়নযোগ্য বিদ্যুতের এনার্জি মাসভিত্তিতে সেটেলমেন্টের নিমিত্ত প্রত্যেক মাস সমাপ্তির অনধিক ৭ (সাত) কর্মদিবসের মধ্যে পাওয়ার গ্রিড যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উহার প্রকৃত সামগ্রিক সঞ্চালন লস নির্ণয় করত কমিশনকে লিখিতভাবে অবহিত করবে এবং তা উহার ওয়েবসাইটে তা প্রকাশ করবে।
- ১০.৩ নবায়নযোগ্য জ্বালানি নির্ভর এমপিপি কর্তৃক উৎপাদিত/সরবরাহকৃত নবায়নযোগ্য বিদ্যুতের এনার্জি মাসভিত্তিতে সেটেলমেন্টের নিমিত্ত প্রত্যেক বিতরণ লাইসেন্সি অর্থবছর সমাপ্তির অব্যবহিত পরেই যথাসম্ভব দ্রুত স্ব স্ব সামগ্রিক প্রকৃত বিতরণ লস এবং প্রযোজ্যতা মোতাবেক ২৩০ কেভি, ১৩২ কেভি, ৩৩ কেভি এবং ১১ কেভি লেভেলের প্রকৃত বিতরণ লস নির্ণয় করত লিখিতভাবে কমিশনকে অবহিত করবে এবং উহার ওয়েবসাইটে তা প্রকাশ করবে।

ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)
সদস্য

সৈয়দা সুলতানা রাজিয়া
সদস্য

মোঃ মিজানুর রহমান
সদস্য

মোঃ আব্দুর রাজ্জাক
সদস্য

জালাল আহমেদ
চেয়ারম্যান



পরিশিষ্ট-‘ক’

নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট পাওয়ার প্লান্ট (এমপিপি) কর্তৃক
সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা ব্যবহারের ওপেন অ্যাক্সেস ট্যারিফ (ওএটি) এবং প্রযোজ্য সঞ্চালন ও
বিতরণ লস, ২০২৬।

(ক) এমপিপি সরাসরি গ্রিডে এবং গ্রাহক বিতরণ পিসইউ-তে সংযুক্ত

এমপিপি সংযোগ ভোল্টেজ : ২৩০ কেভি/১৩২ কেভি/৩৩ কেভি

গ্রাহক সংযোগ ভোল্টেজ : ২৩০ কেভি/১৩২ কেভি/৩৩ কেভি/১১ কেভি/ ০.৪০ কেভি

ওপেন অ্যাক্সেস ট্যারিফ ^১		ভোল্টেজ লেভেলভিত্তিক আরোপযোগ্য লস	
বিবরণ	নির্ধারিত ওপেন অ্যাক্সেস ট্যারিফ (টাকা/কি.ও.ঘ.)	ভোল্টেজ লেভেল	আরোপযোগ্য লস
(১) ওপেন অ্যাক্সেস সঞ্চালন ট্যারিফ ^২			
(i) ২৩০ কেভি	০.৩৭৮৯	(i) ২৩০ কেভি/১৩২ কেভি/৩৩ কেভি	পাওয়ার গ্রিড কর্তৃক মাস ভিত্তিতে প্রকাশিত প্রকৃত গড় সঞ্চালন লস (%)
(ii) ১৩২ কেভি	০.৩৮২৫		
(iii) ৩৩ কেভি	০.৩৮৯৭		
(২) ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ (রিসিভিং প্রান্ত)			
(i) ২৩০ কেভি/১৩২ কেভি/৩৩ কেভি/১১ কেভি/০.৪০ কেভি	১.১৭৩	(i) ২৩০ কেভি/১৩২ কেভি/৩৩ কেভি/১১ কেভি	সংশ্লিষ্ট ভোল্টেজ লেভেলের ^৩ সর্বশেষ সমাপ্ত অর্থবছরের অর্জিত বিতরণ লস (%)
		(ii) ০.৪০ কেভি	সর্বশেষ সমাপ্ত অর্থবছরের অর্জিত বিতরণ লস (%)
(৩) এনার্জি ম্যানেজমেন্ট এন্ড সেটেলমেন্ট (EMS) চার্জ	০.০৫	-	-

^১সঞ্চালন ভোল্টেজ লেভেল বিবেচনায় মোট ওপেন অ্যাক্সেস ট্যারিফ (টিওএটি) ২৩০ কেভি ১.৫৯৮৯ টাকা/কি.ও.ঘ., ১৩২ কেভি ১.৬০২৫ টাকা/কি.ও.ঘ., ৩৩ কেভি ১.৬০৯৭ টাকা/কি.ও.ঘ.;

^২১১ কেভি এবং ০.৪০ কেভি ভোল্টেজ লেভেলে এমপিপি এর গ্রাহক কর্তৃক এমপিপি উৎপাদিত/সরবরাহকৃত বিদ্যুৎ গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য ভোল্টেজ লেভেলের ওপেন অ্যাক্সেস সঞ্চালন ট্যারিফ প্রযোজ্য হবে;

^৩বাবিউবো ০.৭০ টাকা/কি.ও.ঘ., বাপবিবো ১.৪৩ টাকা/কি.ও.ঘ., ডিপিডিসি ০.৮৫ টাকা/কি.ও.ঘ., ডেসকো ০.৯৯ টাকা/কি.ও.ঘ., ওজোপাডিকো ০.৮৭ টাকা/কি.ও.ঘ., এবং নেসকো ১.০৪ টাকা/কি.ও.ঘ.। এমপিপি কর্তৃক উৎপাদিত এবং সরবরাহকৃত এনার্জির ম্যানেজমেন্ট ও স্টেটেলমেন্টের জন্য সমন্বিত/একক দায়িত্বপ্রাপ্ত সংস্থা হিসেবে বাবিউবো এমপিপি কে এ হারে বিল করবে এবং স্ব স্ব ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ অনুযায়ী সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানিকে তা পরিশোধ করবে;

^৪এমপিপি এর সংশ্লিষ্ট গ্রাহকের বিদ্যুৎ সংযোগের ভোল্টেজ লেভেল।



(খ) এমপিপি এবং গ্রাহক উভয়ই সঞ্চালন ব্যবস্থার উভয় প্রান্তের ভিন্ন বিতরণ পিএসইউ-তে সংযুক্ত

এমপিপি সংযোগ ভোল্টেজ : ১৩২ কেভি/৩৩ কেভি/১১ কেভি

গ্রাহক সংযোগ ভোল্টেজ : ২৩০ কেভি/১৩২ কেভি/৩৩ কেভি/১১ কেভি/ ০.৪০ কেভি

ওপেন অ্যাক্সেস ট্যারিফ ^১		ভোল্টেজ লেভেলভিত্তিক আরোপযোগ্য লস	
বিবরণ	নির্ধারিত ওপেন অ্যাক্সেস ট্যারিফ (টাকা/কি.ও.ঘ.)	ভোল্টেজ লেভেল	আরোপযোগ্য লস
(১) ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ (ইনজেকশন প্রান্ত) ^২			
(i) ১৩২ কেভি/৩৩ কেভি/১১ কেভি/০.৪০ কেভি	০.৩০	-	-
(২) ওপেন অ্যাক্সেস সঞ্চালন ট্যারিফ ^৩			
(i) ২৩০ কেভি	০.৩৭৮৯	(i) ২৩০ কেভি/১৩২ কেভি/ ৩৩ কেভি	পাওয়ার গ্রিড কর্তৃক মাস ভিত্তিতে প্রকাশিত প্রকৃত গড় সঞ্চালন লস (%)
(ii) ১৩২ কেভি	০.৩৮২৫		
(iii) ৩৩ কেভি	০.৩৮৯৭		
(৩) ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ (রিসিডিং প্রান্ত)			
(i) ২৩০ কেভি/১৩২ কেভি/৩৩ কেভি/১১ কেভি/০.৪০ কেভি	১.১৭ ^৪	(i) ২৩০ কেভি/১৩২ কেভি/৩৩ কেভি/১১ কেভি	সংশ্লিষ্ট ভোল্টেজ লেভেলের ^৫ সর্বশেষ সমাপ্ত অর্থবছরের অর্জিত বিতরণ লস (%)
		(ii) ০.৪০ কেভি	সর্বশেষ সমাপ্ত অর্থবছরের অর্জিত বিতরণ লস (%)
(৪) এনার্জি ম্যানেজমেন্ট এন্ড সেটেলমেন্ট (EMS) চার্জ	০.০৫	-	-

^১এমপিপি সঞ্চালন ব্যবস্থার উভয় প্রান্তে ভিন্ন পিএসইউ-তে সংযুক্ত থাকলে সঞ্চালন ভোল্টেজ লেভেল বিবেচনায় মোট ওপেন অ্যাক্সেস ট্যারিফ (টিওএটি) ২৩০ কেভি ১.৮৯৮৯ টাকা/কি.ও.ঘ., ১৩২ কেভি ১.৯০২৫ টাকা/কি.ও.ঘ., ৩৩ কেভি ১.৯০৯৭ টাকা/কি.ও.ঘ.; এবং সঞ্চালন ব্যবস্থার উভয় প্রান্তে অভিন্ন পিএসইউ (পবিসসমূহ অভিন্ন পিএসইউ বা বাপবিবো হিসেবে গণ্য) হলে সঞ্চালন ভোল্টেজ লেভেল বিবেচনায় মোট ওপেন অ্যাক্সেস ট্যারিফ (টিওএটি) ২৩০ কেভি ১.৫৯৮৯ টাকা/কি.ও.ঘ., ১৩২ কেভি ১.৬০২৫ টাকা/কি.ও.ঘ., ৩৩ কেভি ১.৬০৯৭ টাকা/কি.ও.ঘ.;

^২সঞ্চালন ব্যবস্থার উভয় প্রান্তে অভিন্ন পিএসইউ (পবিসসমূহ অভিন্ন পিএসইউ বা বাপবিবো হিসেবে গণ্য) হলে ইনজেকশন প্রান্তের ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ প্রযোজ্য হবে না এবং ইনজেকশন প্রান্তে কোনো বিতরণ লস আরোপ হবে না;

^৩১১ কেভি এবং ০.৪০ কেভি ভোল্টেজ লেভেলে এমপিপি এর গ্রাহক কর্তৃক এমপিপি উৎপাদিত/সরবরাহকৃত বিদ্যুৎ গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য ভোল্টেজ লেভেলের ওপেন অ্যাক্সেস সঞ্চালন ট্যারিফ প্রযোজ্য হবে;

^৪বাবিউবো ০.৭০ টাকা/কি.ও.ঘ., বাপবিবো ১.৪৩ টাকা/কি.ও.ঘ., ডিপিডিসি ০.৮৫ টাকা/কি.ও.ঘ., ডেসকো ০.৯৯ টাকা/কি.ও.ঘ., ওজোপাডিকো ০.৮৭ টাকা/কি.ও.ঘ., এবং নেসকো ১.০৪ টাকা/কি.ও.ঘ.। এমপিপি কর্তৃক উৎপাদিত এবং সরবরাহকৃত এনার্জির ম্যানেজমেন্ট ও সেটেলমেন্টের জন্য সমন্বিত/একক দায়িত্বপ্রাপ্ত সংস্থা হিসেবে বাবিউবো এমপিপি কে এ হারে বিল করবে এবং স্ব স্ব ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ অনুযায়ী সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানিকে তা পরিশোধ করবে;

^৫এমপিপি এর সংশ্লিষ্ট গ্রাহকের বিদ্যুৎ সংযোগের ভোল্টেজ লেভেল।



(গ) এমপিপি এবং গ্রাহক উভয়ই একই বিতরণ পিসইউ-তে সংযুক্ত (সঞ্চালন ব্যবস্থার সম্পূর্ণতা নেই)

এমপিপি সংযোগ ভোল্টেজ : ১৩২ কেভি/৩৩ কেভি/১১ কেভি

গ্রাহক সংযোগ ভোল্টেজ : ২৩০ কেভি/১৩২ কেভি/৩৩ কেভি/১১ কেভি/ ০.৪০ কেভি

ওপেন অ্যাক্সেস ট্যারিফ ^১		ভোল্টেজ লেভেলভিত্তিক আরোপযোগ্য লস	
বিবরণ	নির্ধারিত ওপেন অ্যাক্সেস ট্যারিফ (টাকা/কি.ও.ঘ.)	ভোল্টেজ লেভেল	আরোপযোগ্য লস
(১) ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ (রিসিডিং প্রান্ত)			
(i) ২৩০ কেভি/১৩২ কেভি/৩৩ কেভি/১১ কেভি/০.৪০ কেভি	১.১৭২	(i) ২৩০ কেভি/১৩২ কেভি/৩৩ কেভি/১১ কেভি (ii) ০.৪০ কেভি	সংশ্লিষ্ট ভোল্টেজ লেভেলের ^৩ সর্বশেষ সমাপ্ত অর্থবছরের অর্জিত বিতরণ লস (%) সর্বশেষ সমাপ্ত অর্থবছরের অর্জিত বিতরণ লস (%)
(২) এনার্জি ম্যানেজমেন্ট এন্ড সেটেলমেন্ট (EMS) চার্জ	০.০৫	-	-

^১মোট ওপেন অ্যাক্সেস ট্যারিফ (টিওএটি) ১.২২০০ টাকা/কি.ও.ঘ.;

^২বাবিউবো ০.৭০ টাকা/কি.ও.ঘ., বাপবিবো ১.৪৩ টাকা/কি.ও.ঘ., ডিপিডিসি ০.৮৫ টাকা/কি.ও.ঘ., ডেসকো ০.৯৯ টাকা/কি.ও.ঘ., ওজোপাডিকো ০.৮৭ টাকা/কি.ও.ঘ., এবং নেসকো ১.০৪ টাকা/কি.ও.ঘ.। এমপিপি কর্তৃক উৎপাদিত এবং সরবরাহকৃত এনার্জির ম্যানেজমেন্ট ও সেটেলমেন্টের জন্য সমন্বিত/একক দায়িত্বপ্রাপ্ত সংস্থা হিসেবে বাবিউবো এমপিপি কে এ হারে বিল করবে এবং স্ব স্ব ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ অনুযায়ী সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানিকে তা পরিশোধ করবে;

^৩এমপিপি এর সংশ্লিষ্ট গ্রাহকের বিদ্যুৎ সংযোগের ভোল্টেজ লেভেল।

ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:) সদস্য

মোঃ মিজানুর রহমান
সদস্য

সৈয়দা সুলতানা রাজিয়া
সদস্য

মোঃ আব্দুর রাজ্জাক
সদস্য

জালাল আহমেদ
চেয়ারম্যান



পরিশিষ্ট-‘খ’

**নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র বা মার্চেন্ট পাওয়ার প্লান্ট
(এমপিপি) হতে উৎপাদিত/সরবরাহকৃত বিদ্যুতের ওপেন অ্যাক্সেস অপারেশনাল
প্রসিডিউর, বিলিং এবং এনার্জি সেটেলমেন্ট পদ্ধতি ও শর্তাবলি, ২০২৬**

নিম্নোক্ত অপারেশনাল প্রসিডিউর, বিলিং এবং এনার্জি সেটেলমেন্ট পদ্ধতি ও শর্তাবলি ওপেন অ্যাক্সেস
ট্যারিফ, ২০২৬ এর অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচিত হবে:

১. ওপেন অ্যাক্সেস নিবন্ধন ও বিইআরসি এর লাইসেন্স গ্রহণ:

- (ক) এমপিপি স্থাপনের ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে এবং COD’র পূর্বে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স প্রবিধানমালা, ২০০৬ (সংশোধিত ২০১৬) অনুযায়ী প্রযোজ্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স বা ওয়েভার লাইসেন্স গ্রহণ করতে হবে।
- (খ) লাইসেন্সধারী এমপিপিসমূহ পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি (পাওয়ার গ্রিড) এর সঞ্চালন ব্যবস্থায় ওপেন অ্যাক্সেস প্রাপ্তির জন্য পাওয়ার গ্রিড এর নিকট, এবং বিতরণ ব্যবস্থায় ওপেন অ্যাক্সেস প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানির নিকট লিখিতভাবে আবেদন করবে। উক্ত আবেদনের সাথে এমপিপি উহার ঘোষিত চুক্তিবদ্ধ ক্ষমতা ও গ্রাহক তালিকা, প্রস্তাবিত সংযোগ ভোল্টেজ ও কানেকশন পয়েন্ট, বৈদ্যুতিক আন্তঃসংযোগ সুবিধা (Electrical Interconnection Facility), ডিজাইন এবং কমিশনিং এর সময়সূচি দাখিল/উল্লেখ থাকবে।
- (গ) পাওয়ার গ্রিড বা সঞ্চালন লাইসেন্সি উহার সঞ্চালন ব্যবস্থা/অবকাঠামো এবং সংশ্লিষ্ট বিতরণ লাইসেন্সি উহার বিতরণ ব্যবস্থা/অবকাঠামো নিবন্ধিত/কমিশন থেকে লাইসেন্স প্রাপ্ত এমপিপি এর ব্যবহারের জন্য কমিশন কর্তৃক নির্ধারিত ওপেন অ্যাক্সেস ট্যারিফ প্রদান সাপেক্ষে বৈষম্যহীনভাবে ওপেন অ্যাক্সেস প্রদান করবে। তবে সঞ্চালন লাইসেন্সি বা সংশ্লিষ্ট বিতরণ লাইসেন্সির সঞ্চালন বা বিতরণ সুবিধাদির পর্যাপ্ত সক্ষমতা থাকা সাপেক্ষে উক্ত ওপেন অ্যাক্সেস প্রযোজ্য হবে।

২. মিটারিং:

(ক) মিটারিং পয়েন্ট:

- (১) এমপিপি হতে উৎপাদিত বিদ্যুৎ গ্রিডে বা বিতরণ সংস্থার বিতরণ সিস্টেমে ইভ্যাকুয়েট করার লক্ষ্যে নিকটবর্তী সাবস্টেশনে এমপিপি কর্তৃক বাই-ডিরেকশনাল মিটার স্থাপন করতে হবে।
- (২) এমপিপি এর সাথে চুক্তিবদ্ধ গ্রাহকের গ্রাহকপ্রান্তে সংশ্লিষ্ট গ্রাহক কর্তৃক AMR মিটার স্থাপন করতে হবে।
- (৩) এমপিপি কর্তৃক ইভ্যাকুয়েশন প্রান্তে মেইন মিটারের পাশাপাশি ব্যাক-আপ মিটার স্থাপন করতে হবে।



৩. মিটারের কারিগরি বৈশিষ্ট্য:

- (ক) জেনারেশন এবং গ্রিড প্রান্তের সকল মিটার Bangladesh Energy Regulatory Commission (Electricity Grid Code) Regulations, 2023 এর সেকশন ১৩ এর Metering Communication and Data Acquisition অধ্যায়ের নির্ধারিত মান ও Specifications অনুযায়ী হবে যা ট্যারিফ মিটার হিসেবে বিবেচিত হবে।
- (খ) এমপিপি ও গ্রাহক প্রান্তে স্থাপিত মিটারসমূহ ইন্টারভাল Time of Use (ToU) রেকর্ডিং সক্ষম বা Availability Based Tariff Compatible হতে হবে।
- (গ) স্থাপিত মেইন মিটার ও ব্যাক-আপ মিটারে প্রতি ৩০ মিনিট ইন্টারভালে Time of Use (ToU) ডাটা ন্যূনতম ০৬ (ছয়) মাসের জন্য সংরক্ষণে সক্ষম হতে হবে।
- (ঘ) স্থাপিত মেইন মিটার ও ব্যাক-আপ মিটারে অ্যাকটিভ ও রি-অ্যাকটিভ এনার্জি, কিউমুলেটিভ ইমপোর্ট ও এক্সপোর্ট (Cumulative Import & Export of Energy) কিলোওয়াট, পাওয়ার ফ্যাক্টর, ফ্রিকুয়েন্সি, ভোল্টেজ, কারেন্ট ইত্যাদি তথ্য সংরক্ষণ থাকতে হবে।
- (ঙ) স্থাপিত মিটার হতে সর্বশেষ ০৬ (ছয়) মাসের ডাটা ও লোড প্রোফাইল ডাউনলোডের ব্যবস্থা থাকবে।

৪. মিটার স্থাপন, সিলিং ইত্যাদি:

- (ক) মিটারিং সিস্টেমসহ Electrical Interconnection Facility (EIF) সংশ্লিষ্ট এমপিপি স্থাপন করবে। তবে মিটার স্থাপনের পর এমপিপি এর ইভাকুয়েশন মিটার বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর তত্ত্বাবধানে থাকবে।
- (খ) এমপিপি'র ইভাকুয়েশন মিটার সংশ্লিষ্ট পক্ষসমূহের (এমপিপি/সংশ্লিষ্ট পিএসইউ/পাওয়ার গ্রিড/বাবিউবো/গ্রাহক) যৌথ উপস্থিতিতে মিটার পরীক্ষা ক্যালিব্রেশন ও সিলকরণ, সিল অপসারণ ও মেরামত করতে হবে।
- (গ) এমপিপি এর উৎপাদিত বিদ্যুৎ ইভাকুয়েশনের জন্য স্থাপিত মেইন ও ব্যাক-আপ মিটার বাবিউবো প্রতি তিন/ছয় মাস অন্তর স্বীয় উদ্যোগে পক্ষগণের উপস্থিতিতে পরীক্ষা করবে। তবে সংশ্লিষ্ট কোনো পক্ষের লিখিত অনুরোধে বাবিউবো যে কোনো সময়ই ইভাকুয়েশন মিটার পরীক্ষা করতে পারবে।

৫. ডেটা সংগ্রহ, যোগাযোগ ইত্যাদি:

- (ক) এমপিপি এর স্থাপিত মেইন ও ব্যাক-আপ মিটার এবং গ্রাহকের মিটার বাবিউবো এর AMR সিস্টেমে সংযুক্ত থাকবে।
- (খ) মিটারের ডেটা স্বয়ংক্রিয়ভাবে বাবিউবো এর AMR সিস্টেমে লগ হবে।
- (গ) ব্যাকআপ হিসেবে সকল মিটারিং পয়েন্টে প্রতি ৩০ মিনিট অন্তর এক্সপোর্ট-ইম্পোর্ট রিডিং লগ করতে হবে।



(ঘ) মেইন মিটার অকার্যকর থাকলে ব্যাক-আপ মিটারের রিডিং গ্রহণযোগ্য হবে। তবে উভয় মিটার অকার্যকর থাকলে প্রযোজ্য ক্ষেত্রে অনুরূপ স্বাভাবিক সময়ের ০৩ (তিন) মাসের গড় উৎপাদন/লোড প্রোফাইল এবং সর্বশেষ স্বাভাবিক অনুরূপ সময়ের ০৩ (তিন) মাসের গড় ব্যবহারের ভিত্তিতে এনার্জির হিসাব ও বিলিং করতে হবে।

৬. এনার্জি ম্যানেজমেন্ট ও সেটেলমেন্ট:

- (ক) এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুতের এনার্জি ম্যানেজমেন্ট এন্ড সেটেলমেন্টের দায়িত্ব কেন্দ্রীয়ভাবে বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাবিউবো এর ওপর ন্যস্ত থাকবে।
- (খ) অনুচ্ছেদ (ক) এ বর্ণিত এনার্জি ম্যানেজমেন্ট এন্ড সেটেলমেন্ট এর জন্য কমিশন কর্তৃক নির্ধারিত হারে এনার্জি ম্যানেজমেন্ট এন্ড সেটেলমেন্ট চার্জ প্রযোজ্য হবে।

৭. এনার্জি ম্যানেজমেন্ট এন্ড সেটেলমেন্ট পদ্ধতি:

৭.১ ওপেন অ্যাক্সেস কানেকশন পয়েন্ট:

৭.১.১ এমপিপি সরাসরি গ্রিডে এবং গ্রাহক বিতরণ সিস্টেমে সংযুক্তির ক্ষেত্রে-

- (ক) ১৩২ কেভি বা তদুর্ধ্ব ভোল্টেজ লেভেলের কোনো এমপিপি সরাসরি গ্রিডে সংযুক্ত হতে পারবে;
- (খ) উক্ত গ্রিড সংযুক্ত এমপিপি থেকে সংশ্লিষ্ট বিতরণ সিস্টেমে সংযুক্ত যে কোনো গ্রাহক ২৩০/১৩২/৩৩/১১/০.৪০ কেভি লেভেলে এমপিপি থেকে বিদ্যুৎ ক্রয় করতে পারবে।

৭.১.২ এমপিপি এবং গ্রাহক উভয়ই সঞ্চালন ব্যবস্থার উভয় প্রান্তের ভিন্ন বিতরণ পিসইউ-তে সংযুক্তির ক্ষেত্রে-

- (ক) কোনো এমপিপি উহার বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের নিকটবর্তী বিতরণ সিস্টেমের ১১ কেভি/৩৩ কেভি/১৩২ কেভি লেভেলে সংযুক্ত হয়ে গ্রিড ব্যবহার করে ভিন্ন বিতরণ সিস্টেমে সংযুক্ত গ্রাহকের নিকট বিদ্যুৎ বিক্রয় করতে পারবে।
- (খ) নেটওয়ার্কের উভয় প্রান্তে ভিন্ন পবিস হলেও তা অভিন্ন বিতরণ পিসইউ বা বাপবিবো হিসেবে গণ্য হবে।

৭.১.৩ এমপিপি এবং গ্রাহক উভয়ই একই বিতরণ পিসইউ-তে (সঞ্চালন ব্যবস্থার সম্পৃক্ততা নেই) সংযুক্তির ক্ষেত্রে কোনো এমপিপি উহার বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের নিকটবর্তী বিতরণ সিস্টেমের ১১ কেভি/৩৩ কেভি/১৩২ কেভি লেভেলে একই বিতরণ সিস্টেমের গ্রাহকের নিকট বিদ্যুৎ বিক্রয় করতে পারবে। এক্ষেত্রে শুধুমাত্র রিসিডিং প্রান্তের ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ প্রযোজ্য হবে।

৭.২ সঞ্চালন লস:

৭.২.১ ১৩২ কেভি বা তদুর্ধ্ব ভোল্টেজ লেভেলে গ্রিডে সংযুক্ত এমপিপি এর উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালনের ক্ষেত্রে পাওয়ার গ্রিড কর্তৃক মাসভিত্তিক প্রকাশিত গড় সঞ্চালন লস প্রযোজ্য হবে।

৭.২.২ ভিন্ন বিতরণ সিস্টেমে সংযুক্ত এমপিপি থেকে অন্য বিতরণ সিস্টেমে সংযুক্ত গ্রাহক কর্তৃক সঞ্চালন ব্যবস্থা ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ ক্রয়ের ক্ষেত্রে অনুচ্ছেদ ৭.২.১ এ বর্ণিত হারে সঞ্চালন লস প্রযোজ্য হবে।



৭.৩ বিতরণ লস:

৭.৩.১ গ্রিড সংযুক্ত এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ গ্রিডে সঞ্চালিত বিদ্যুৎ থেকে অনুচ্ছেদ ৭.২ এ বর্ণিত হারে সঞ্চালন লস কর্তনের পর প্রাপ্ত এনার্জির ক্ষেত্রে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানির সংশ্লিষ্ট ভোল্টেজ লেভেলের জন্য নিম্নোক্ত হারে বিতরণ লস কর্তন করতে হবে;

(ক) কোনো বিতরণ সংস্থা/কোম্পানির ১৩২ কেভি বিতরণ নেটওয়ার্ক থাকলে এবং এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ উক্ত নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে ১৩২ কেভি গ্রাহক কর্তৃক উক্ত বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানির সর্বশেষ সমাপ্ত অর্থবছরে উক্ত লেভেলের অর্জিত সিস্টেম লস;

(খ) ৩৩ লেভেলে সংযুক্ত গ্রাহকের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানির সর্বশেষ সমাপ্ত অর্থবছরে উক্ত লেভেলের অর্জিত সিস্টেম লস;

(গ) ১১ কেভি ভোল্টেজ লেভেলে সংযুক্ত গ্রাহকের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানির সর্বশেষ সমাপ্ত অর্থবছরে ১১ কেভি লেভেলের অর্জিত সিস্টেম লস; এবং

(ঘ) ০.৪০ কেভি লেভেলে সংযুক্ত গ্রাহকের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানির সর্বশেষ সমাপ্ত অর্থবছরে অর্জিত সিস্টেম লস।

৭.৩.২ উপরের অনুচ্ছেদ ৭.৩.১ এ নির্ধারিত হারে সিস্টেম লস হিসাবকৃত/অর্জিত অর্থবছরের পরবর্তী অর্থবছরের জন্য প্রযোজ্য হবে।

৭.৩.৩ কোনো বিতরণ সংস্থার ৩৩ কেভি বা ১১ কেভি লেভেলে সংযুক্ত এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ অন্য কোনো বিতরণ সংস্থায় সংযুক্ত গ্রাহক কর্তৃক ক্রয়ের ক্ষেত্রে উপরের অনুচ্ছেদ ৭.৩.১ এ বর্ণিত প্রযোজ্য হারে বিতরণ লস প্রযোজ্য হবে। ইনজেকশন প্রাপ্তে কোনো বিতরণ লস প্রযোজ্য হবে না।

৭.৪ বিতরণ ইউটিলিটি/সংস্থা/কোম্পানি ও গ্রাহক প্রাপ্তে প্রাপ্ত নিট এনার্জি:

৭.৪.১ গ্রিডে সংযুক্ত এমপিপি থেকে অনুচ্ছেদ ৭.২ অনুযায়ী প্রযোজ্য সঞ্চালন লস বাদ দেয়ার পর প্রাপ্ত এনার্জি থেকে অনুচ্ছেদ ৭.৩ অনুযায়ী প্রযোজ্য বিতরণ লস বাদ দেয়ার পর গ্রাহক প্রাপ্তে পৌঁছানো মোট নিট এনার্জি নিরূপণ করতে হবে।

৭.৫ গ্রাহকপর্যায়ে বিলিং ও এনার্জি সমন্বয়:

৭.৫.১ গ্রিড নেটওয়ার্কের এক প্রান্তে একটি বিতরণ সংস্থা/কোম্পানির ক্ষেত্রে এনার্জি সমন্বয়:

(ক) এমপিপি কর্তৃক গ্রিড নেটওয়ার্কে বা বিতরণ সিস্টেমের মাধ্যমে যে পরিমাণ নিট এনার্জি গ্রাহককে সরবরাহ করা হবে তা দৈনিক real time ভিত্তিতে (২৪ ঘন্টার যে সময়সীমায় এমপিপি কর্তৃক নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদন/সরবরাহ করা হবে, সে সময়সীমায় এমপিপি



এর গ্রাহক কর্তৃক এমপিপি এর উৎপাদিত/সরবরাহকৃত নবায়নযোগ্য বিদ্যুৎ ব্যবহার হয়েছে মর্মে গণ্য হবে) বাবিউবো কর্তৃক মাসভিত্তিতে কেন্দ্রীয়ভাবে এনার্জি ম্যানেজমেন্ট এবং সেটেলমেন্ট করা হবে। এক্ষেত্রে কোনোরূপ এনার্জি ব্যাংকিং প্রযোজ্য হবে না, তবে বিদ্যুৎ উৎপাদন বন্ধ থাকাকালীন এমপিপি নিজ ব্যবস্থায় BESS ব্যবহার করে সঞ্চিত বিদ্যুৎ থেকে তার গ্রাহককে নবায়নযোগ্য বিদ্যুৎ সরবরাহ করতে পারবে। এমপিপি কর্তৃক দৈনিক ভিত্তিতে তার গ্রাহকের ব্যবহৃত বিদ্যুতের চেয়ে বেশী বিদ্যুৎ সরবরাহ করা হলে উক্ত অতিরিক্ত সরবরাহকৃত বিদ্যুতের জন্য এমপিপি কোনো বিল প্রাপ্য হবে না।

(খ) এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুতের থেকে গ্রাহকের নিকট পৌঁছানো নিট এনার্জি অনুচ্ছেদ (ক) এ বর্ণিত সমন্বয়কৃত ইউনিটের বিল এমপিপি এবং গ্রাহকের মধ্যে সম্পাদিত বাণিজ্যিক বিদ্যুৎ বিক্রয় চুক্তি (এমপিপিএ) অনুযায়ী নিষ্পত্তি/পরিশোধিত হবে; এক্ষেত্রে বিতরণ সংস্থা/কোম্পানি এর কোনো সম্পৃক্ততা থাকবে না।

(গ) উপরের অনুচ্ছেদ (ক) এর বর্ণনা মোতাবেক গ্রাহকের নিকট পৌঁছানো নিট এনার্জি সমন্বয়ের পর গ্রাহক কর্তৃক ব্যবহৃত অবশিষ্ট নিট ইউনিটের ক্ষেত্রে সংশ্লিষ্ট গ্রাহকশ্রেণির জন্য কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যহার (প্রযোজ্যতা মোতাবেক পীক বা অফ-পীক) প্রযোজ্য হবে, যা সংশ্লিষ্ট ইউটিলিটির বিল হিসেবে গণ্য হবে।

৭.৫.২ গ্রিড নেটওয়ার্কের উভয় প্রান্তে ভিন্ন বিতরণ পিএসইউ এর ক্ষেত্রে এনার্জি সমন্বয়:

(ক) এমপিপি এর সাথে চুক্তিবদ্ধ গ্রাহককে এমপিপি থেকে উৎপাদিত বিদ্যুৎ সরবরাহে একাধিক বিতরণ পিএসইউ এর বিতরণ নেটওয়ার্ক ব্যবহৃত হলে অনুচ্ছেদ ৭.৩.১ ও ৭.৩.৩ অনুযায়ী বিতরণ লস কর্তনপূর্বক বাবিউবো কর্তৃক নিট এনার্জি নিরূপণ করা হবে।

(খ) সঞ্চালন নেটওয়ার্কের উভয় প্রান্তে একই বিতরণ পিএসইউ থাকলে বিতরণ লস শুধুমাত্র রিসিডিং প্রান্তে প্রাপ্ত এনার্জি থেকে বিয়োগ করা হবে।

৭.৬ ওপেন অ্যাক্সেস ট্যারিফ এর প্রয়োগ/বন্টন:

৭.৬.১ গ্রিডে সংযুক্ত এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ গ্রিড নেটওয়ার্ক ব্যবহারের জন্য কমিশন কর্তৃক নির্ধারিত হারে সঞ্চালন ওপেন অ্যাক্সেস ট্যারিফ ও প্রযোজ্য হারে সঞ্চালন লস এবং বিতরণ নেটওয়ার্ক ব্যবহারের জন্য কমিশন কর্তৃক নির্ধারিত বিতরণ ওপেন অ্যাক্সেস ট্যারিফ ও প্রযোজ্য বিতরণ লস এবং বাবিউবো এর এনার্জি ম্যানেজমেন্ট ও সেটেলমেন্ট (EMS) চার্জ প্রযোজ্য হবে।

৭.৬.২ সঞ্চালন ওপেন অ্যাক্সেস ট্যারিফ পাওয়ার গ্রিড প্রাপ্য হবে।

৭.৬.৩ বিতরণ ওপেন অ্যাক্সেস ট্যারিফ বিতরণ সংস্থা/কোম্পানি বা বিতরণ পিএসইউ প্রাপ্য হবে।

৭.৬.৪ EMS চার্জ বিদ্যুতের একক ক্রেতা হিসেবে ওপেন অ্যাক্সেস এনার্জি ম্যানেজমেন্ট ও সেটেলমেন্টের জন্য বাবিউবো প্রাপ্য হবে।



বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৪

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

- ৭.৬.৫ ইনজেকশন প্রান্তের ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানি বা বিতরণ পিএসইউ প্রাপ্য হবে।
- ৭.৭ বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাবিউবো বা বিতরণ পিএসইউ কর্তৃক এমপিপি এর উৎপাদিত/সরবরাহকৃত বিদ্যুতের প্রযোজ্য পরিমাণ ক্রয় এবং এর বিলিং:
- ৭.৭.১ বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাবিউবো বা কোনো বিদ্যুৎ বিতরণ পিএসইউ এমপিপি এর সাথে বিদ্যুৎ ক্রয় চুক্তি (পিপিএ) সম্পাদনের মাধ্যমে বেসরকারি অংশগ্রহণে নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ উৎপাদন/বিদ্যুৎ কেন্দ্র স্থাপন নীতিমালা, ২০২৫ অনুযায়ী এমপিপি কর্তৃক উৎপাদিত বিদ্যুতের প্রযোজ্য পরিমাণ কমিশন কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত ট্যারিফ অনুযায়ী ক্রয় করতে পারবে।
- ৭.৮ ওপেন অ্যাক্সেস বিলিং:
- ৭.৮.১ বাবিউবো এমপিপি এর জন্য কেন্দ্রীয়ভাবে এনার্জি ম্যানেজমেন্ট ও স্টেটেলমেন্টের (EMS) জন্য দায়িত্বপ্রাপ্ত হওয়ায় ওপেন অ্যাক্সেস সঞ্চালন ট্যারিফ, ওপেন অ্যাক্সেস বিতরণ ট্যারিফ এবং EMS চার্জের জন্য এমপিপি এর অনুকূলে বিল জারী করবে।
- ৭.৮.২ এমপিপি সমুদয় ওপেন অ্যাক্সেস বিল বাবিউবোকে পরিশোধ করবে এবং বাবিউবো পাওয়ার গ্রিড এবং বিতরণ পিএসইউ এর প্রাপ্য অর্থ পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।
- ৭.৯ অক্সিলিয়ারি ব্যবহার:
- ৭.৯.১ প্ল্যান্ট বন্ধ থাকা সময়ে এমপিপি যদি নিজস্ব প্রয়োজনে গ্রিড থেকে বিদ্যুৎ ব্যবহার করে তাহলে উহা এমপিপি এর কেন্দ্রীয় সমন্বয়কারী সংস্থা হিসেবে বাবিউবো বা প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানির বিদ্যুৎ বিক্রয় হিসেবে গণ্য হবে এবং এজন্য সংশ্লিষ্ট এমপিপি কমিশন কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত খুচরা বিদ্যুৎ মূল্যহার আদেশ অনুযায়ী প্রযোজ্য গ্রাহকশ্রেণির খুচরা মূল্যহারে বিদ্যুৎ বিল পরিশোধ করবে। গ্রিড সংযুক্ত এমপিপি এর ক্ষেত্রে খুচরা বিদ্যুৎ মূল্যহারে অন্তর্ভুক্ত সঞ্চালন চার্জ পাওয়ার গ্রিড প্রাপ্য হবে।
- ৭.১০ পাওয়ার ফ্যাক্টর সারচার্জ:
- ৭.১০.১ এমপিপি কর্তৃক বিতরণ পিএসইউ বা বিদ্যুতের একক ক্রেতা হিসেবে বাবিউবো এর নিকট বিদ্যুৎ বিক্রয়ের ক্ষেত্রে বিদ্যমান অন্যান্য আইপিপি এর ন্যায় ইভাকুয়েশন প্রান্তে পাওয়ার ফ্যাক্টরের মান ০.৮৫ ল্যাগ বজায় রাখবে। অন্যথায় বিদ্যুতের একক ক্রেতা/সংশ্লিষ্ট বিতরণ পিএসইউ এবং এমপিপি এর মধ্যে সম্পাদিত চুক্তিতে উল্লিখিত শর্তানুযায়ী প্রয়োজনীয় সারচার্জ/জরিমানা আরোপিত হবে।



বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৪

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬


৭.১০.২ এমপিপি এর খুচরা গ্রাহককে কমিশন কর্তৃক সময়ে সময়ে জারীকৃত খুচরা বিদ্যুৎ মূল্যহার আদেশ অনুযায়ী সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) অবশ্যই ০.৯৫ বা তার উর্দ্ধে রাখতে হবে এবং উক্ত পাওয়ার ফ্যাক্টর বজায় রাখার জন্য এমপিপি এর জেনারেশন পয়েন্টে MVAR Compensation এর প্রয়োজনীয় ব্যবস্থা এমপিপি কর্তৃপক্ষকে নিশ্চিত করতে হবে। অন্যথায় কমিশন কর্তৃক সময়ে সময়ে জারীকৃত খুচরা বিদ্যুৎ মূল্যহার আদেশ অনুযায়ী নির্ধারিত হারে সারচার্জ প্রযোজ্য হবে।



ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)
সদস্য




মোঃ মিজানুর রহমান
সদস্য



সৈয়দা সুলতানা রাজিয়া
সদস্য



মোঃ আব্দুর রাজ্জাক
সদস্য



জালাল আহমেদ
চেয়ারম্যান